

[ ১৮१७ ब्रेडांट्स खबम खकालिख ]

्ट्याञ्च वित्नाशानाश

## সম্পাদক **শ্রীসজনীকান্ত দাস**



**বঁসীয়-সাহিত্য-পরিষণ** ২৪৩১, আপার সারকুলার রোড, কলিকাতা-৬

#### শ্রকাশক শ্রীসনৎকুমার **ওও** বদীর-সাহিত্য-পরিষৎ

প্রথম সংস্করণ—আবাঢ়, মূল্য তুই টাকা

শনিরঞ্জন প্রেস, ৫৭ ইন্ত বিশ্বাস রোড, কলিকাতা-৩৭ হইতে শ্রীরঞ্জনকুমার দাস কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত ৭'২—১, ৭, ৫৩

# ভূমিকা

'আশাকানন' ১২৮৩ বঙ্গান্দে (বেঙ্গল লাইবেরিতে জনা দেওয়ার তারিখ ৩০ মে ১৮৭৬) প্রকাশিত হইলেও ইহা যে তিন বংসর পূর্বে ১২৮০ বঙ্গান্দে (১৮৭৩) রচিত হইয়াছিল, প্রকাশক উনাকালী মুখোপাধ্যায় তাঁহার "বিজ্ঞাপনে" তাহা জ্ঞাপন করিয়াছেন। পৃষ্ঠা-সংখ্যা ছিল ১৭২। আখ্যাপত্রটি এইরূপ ছিল—

আশাকানন। [সাল-রপক-কাব্য] শ্রীহেমচন্ত্র বন্দ্যোপাধ্যায় বিরচিত ও শ্রীউমাকালী মুখোপাধ্যায় কর্তৃক প্রকাশিত। কলিকাতা। রায় যন্ত্র, নং >৭, ভবানীচরণ দভের লেন, শ্রীবাবুরাম সরকার ধারা মুক্তিত। সন >২৮৬ সাল।

এই allegorical কাব্যটি লিখিয়া, প্রকাশ করিতে হেমচন্দ্রের সঙ্কোচ ছিল। 'বীরবাছ' কাব্যে তিনি স্বদেশ ও স্বজাতিকেই একটি কল্পিড কাহিনীর মধ্য দিয়া বড় করিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু তাঁহার কবিচিত্ত তাহাতে সম্পূর্ণ প্রসন্ন হয় নাই। তিনি মানবের কাব্য, জগতের কাব্য লিখিতে চাহিলেন। 'আশাকানন' সেই ইচ্ছার ফল। তবু তিনি স্বদেশকে সম্পূর্ণ ভূলিতে পারেন নাই, বাল্মীকির সাক্ষাতে দেশমাতার হঃখনিবেদন করিয়াছেন।

শশান্ধমোহন সেন 'বঙ্গবাণী' প্রস্থের (১৯১৫) দ্বিতীয় খণ্ডে (পৃ. ৭-৯)
এবং শ্রীমন্মথনাথ ঘোষ 'হেমচন্দ্র' পুস্তকের (১৩২৭) দ্বিতীয় খণ্ডে
(পু. ৪৪-৫৬) 'আশাকাননে'র বিস্তৃত সমালোচনা করিয়াছেন।

স্বতন্ত্র পুস্তকাকারে 'আশাকাননে'র প্রথম সংস্করণ মাত্র দেখিয়াছি। গ্রন্থকারের জীবিতকালে প্রকাশিত গ্রন্থাবলীভূক্ত 'আশাকাননে'র সহিত প্রথম সংস্করণের পাঠ মিলাইয়া আমাদের পাঠ প্রস্তুত করা হইয়াছে।



# আশাকানন

# প্রথম সংস্করণের বিজ্ঞাপন

আশাকানন একথানি সাল-রূপক কাব্য। মানব-জাতির 'প্রকৃতিগত প্রবৃত্তিসকলকে প্রত্যক্ষীভূত করাই এই কাব্যের উদ্দেশ্য। ইংরাজি ভাষার এরূপ রচনাকে 'এলিগারি' কহে। প্রধান বিষয়কে প্রাছর রাধিয়া, ভাহার সালৃশ্রস্কক বিষয়াস্তরের বর্ণনা দারা সেই প্রধান বিষয় পরিবাক্ত করা, ইহার অভিপ্রেত। ইহা বাছত: সালৃশ্রস্কক বিষয়ের বিরতি; কিন্তু প্রকৃতার্থে গৃচ বিষয়ের তাৎপর্য্যবোধক। এই ইংরাজি শব্দের প্রকৃত অর্থ প্রকাশ করিতে পারে, এরূপ কোনও শব্দ বালালা ভাষার প্রচলিত নাই; এবং কোনও বিচক্ষণ পণ্ডিতের নিকট অবগত হইয়াছি বে, সংয়ত ভাষাত্তেও অবিকল প্রতিশব্দ পণ্ডিতের নিকট অবগত হইয়াছি বে, সংয়ত ভাষাত্তেও অবিকল প্রতিশব্দ পণ্ডিয়ের নিকট অবগত ইইয়াছি বে, সংয়ত ভাষাত্তেও অবিকল প্রতিশব্দ পণ্ডিয়ের নিকট অবগত ইইয়াছি বে, সায়াতে 'অপ্রস্তুত প্রশংসা' বলিয়া উল্লেখ করেন, যৌগিকার্থে তাহার সহিত ইহার সৌসামৃশ্র আছে; কিন্তু সাল-রূপক শব্দ সম্যক্ অর্থবোধক হওয়াতে তাহাই ব্যবহার করা হইল।

প্রায় তিন বৎসর অতীত হইল এই কাব্য লিখিত হয়। কিছু কবি নানা কারণে সঙ্কুচিত হইয়া পুশুক্রণানি প্রচার করিতে পরাল্প ছিলেন, সম্প্রতি তিনি আমার অন্ধুরোধ এড়াইতে না পারিয়া ইছা প্রকাশ করিতে অন্ধুমতি দিয়াছেন। এ প্রকার কাব্য সম্বন্ধে লোকের মতভেদ থাকিতে পারে; এবং অনেক স্থলে কবিগণের আশহাও অকিঞ্চিৎকর বলিয়া প্রতিপাদিত হইয়াছে। হেম বাবুর স্থললিত লেখনীবিনিঃস্ত কাব্যরসাখাদনে সর্ক্রসাধারণকে বঞ্চিত করা অকর্ত্ব্য মনে করিয়া আমি ইহার মুদ্রান্ধনকার্য্যে প্রবৃত্ত হইয়াছি। সর্ক্রথা ঈদৃশ কাব্য বন্ধ-সাহিত্য হইতে বিলুপ্ত হওয়া বাঞ্জনীয় নহে।

বিদিরপুর ১লা মে, ১৮৭৬

ঞ্জিমাকালী মুখোপাধ্যায়

#### প্রথম কল্পনা

আশার সহিত সাক্ষাৎ ও পরিচয়, ওাঁহার সঙ্গে আশাকাননে প্রবেশ ভিন্ন ভিন্ন দিক্ হইতে কর্মকেত্রাভিমুখে প্রাণিসংপ্রবাহ।

> বঙ্গে স্থবিখ্যাত দামোদর নদ কীর সম স্বাছ্ নীর; বৃক্ষ নানা জাতি বিবিধ লভায় স্থুশোভিত উভ তীর; বিশ্ব্যগিরি-শিরে জনমি যে নদ पिन पिनास्त्र ठल ; সিকতা-সজ্জিত স্থন্দর সৈকত সুধোত নিৰ্মাল জলে; পবিত্র করিলা যে নদের কৃল সুকবি কঙ্কণ-কবি ফুটায়ে কবিতা কুস্থম মধুর বাণীর প্রসাদ লভি; य नम निकर्षे त्रनविश्वनिष ভারত অমৃতভাষী জনমি সুক্ষণে বাঁশীতে উন্মন্ত করেছে গউড়বাসী। সেই দামোদর তীরে এক দিন व्यक्रग-छेनरम छेठि. धत्रगी-भारतीरत দেখি শৃত্যমার্গে কিরণ পড়িছে ফুটি; দশ দিশ ভাতি পড়িছে কিরণ আকাশ মেঘের গায়. হরিক্রা লোহিত বরণ বিবিধ

গগনে চাক্ল শোভায়;

গগন-ললাটে চূর্ণ-কায় মেঘ স্তরে স্তরে স্তরে ফুটে,

কিরণ মাখিয়া পবনে উড়িয়া দিগস্তে বেড়ায় ছুটে।

পড়ে সূর্য্যরশ্মিদার-জলে আলো করি ছই কূল;

পড়ে তরু-শিরে তৃণ-লতা-দলে রঞ্জিয়া প্রভাতী ফুল।

হেরি চারু শোভা ভ্রমি ধীরে তীরে পরশি মৃত্র পবন,

সংসার-যাতনে ক্রদয় পীড়িত চিস্তায় আকুল মন;

শ্রমি কত বার কত ভাবি মনে, শেষে শ্রান্তি-অভিভূত,

বসি চক্ষু মুদি কোন বৃক্ষতলে ক্রমে তম্রা আবিভূতি;

ক্রমে নিজাঘোরে অবসন্ন তন্ত্র প্রাণী আচ্ছন্ন হয়,

স্বপন-প্রমাদে সংসার-ভাবনা পাসরিমু সমুদয়;

ভাবি যেন নব নবীন প্রদেশে ক্রমশঃ কডই যাই,

আসি কত দূর ছাড়ি কত দেশ কানন দেখিতে পাই;

অতি মনোহর কানন রুচির যেন সে গগন-কোলে

কিরণে সচ্ছিত ঈষং চঞ্চল পবনে হেলিয়া দোলে, বরণ হরিত বিটপে ভষিত

বরণ হরিত বিটপে ভূষিত সরল স্থন্দর দেহ, বৃক্ষ সারি সার সান্ধায়ে তাহাতে রোপিলা যেন বা কেহ।

শোভে বন-মাঝে বিচিত্র ভড়াগ প্রসারি বিপুল কায়;

মেঘের সদৃশ সলিল তাহাতে ত্লিছে মৃত্ল বায়।

বারি শোভা করি কমল কুমুদ কত সে তড়াগে ভাসে;

কত জলচর করি কলপ্রনি নিয়ত খেলে উল্লাসে;

ভ্রমে রাজহংস স্থাথে কণ্ঠ তুলি, মৃণালে উপাড়ি খায়;

রৌজ সহ মেঘ তড়াগের নীরে ডুবিয়া প্রকাশ পায়;

তড়াগ-সলিলে প্রতিবিম্ব ফেলি কত তরু পরকাশে;

হেলিয়া হেলিয়া তরঙ্গে তরঙ্গে ভাঙ্গিয়া ভাঙ্গিয়া ভাসে;

ত্লিয়া ত্লিয়া বায়্র হিল্লোলে তটেতে সলিল চলে;

উড়িয়া উড়িয়া স্থপে মধুকর

বেড়ায় কমলদলে;

শ্রামা দেয় শীস্ বন হস্টে করি, ভ্রমে সে ললিত তান ;

প্রতিধ্বনি তার পূর্বি চারি দিক্
আনন্দে ছড়ায় গান;

ঝরে সুমধুর কোকিল-ঝন্ধার সকল কাননময়,

মধুর্ষ্টি যেন ঘন কুহুরবে শ্রুতি বিমোহিত হয়। তড়াগের তীরে হেরি এক প্রাণী বসিয়া স্থদিব্যকায়া,

করেতে মৃক্র হাস্কিতে হাসিতে হেরিছে আপন ছায়া!

মনোহর বেশ নিরখি সে প্রাণী ক্ষণেক নহে স্থস্থির,

নেহারি মুকুর নিমিষে নিমিষে আনন্দে যেন অধীর:

অপরপ সেই মুকুরের শোভা কত প্রতিবিম্ব তায়

পড়িছে ফুটিয়া হেরিছে সে প্রাণী হইয়া বিহ্বল-প্রায়।

জিজ্ঞাসি তাহারে আসিয়া নিকটে কিবা নাম কোথা ধাম,

বসিয়া সেখানে কি হেতু সেরপে

 করি কিবা মনস্কাম।

হাসিয়া তখন কহিলা সে প্রাণী "আমারে না জান তুমি,

আশা মম নাম স্বরগে নিবাস এবে এ নিবাস-ভূমি;

মানবের হৃ:খে অমরের পতি পাঠাইলা ভূমগুলে;

দেবরাজ দয়া করিয়া মানবে আমায় আসিতে বলে:

থাকি চিরকাল **স্থান্থ স্বর্গপুরে** ধরাতে কিন্ধপে আসি,

মরতে কেমনে স্বর্গের বিরহ সহিব তাঁহে জিজ্ঞাসি:

শুনি শচীপতি করি আশীর্কাদ হাতে দিলা এ দর্পণ, কহিলা 'দেখিবে ইথে যবে মুখ পাবে স্থুখ তত ক্ষণ ;

যে পরাণী ইথে দেখিবে বদন পাইবে অতুল সুখ,

যাও ধরাতলে তাপিলে হাদয় দর্পণে দেখিও মুখ';

তদবধি আমি আছি ভূমগুলে পুরী স্থজি এই স্থানে;

মানবের ছ:খ নিবারি জগতে জুড়াই তাপিতপ্রাণে;

যখন হৃদয়ে স্বর্গের সৌন্দর্য্য দেখিতে বাসনা হয়,

নিরখি দর্পণ তুষি সে বাসনা, শীতল করি হৃদয়।

হেরি চিস্তা-রেখা ললাটে তোমার, হবে বা তাপিত জন,

ভূলিবে যাতনা ভাবনা সকলি এ পুরী কর ভ্রমণ।"

ছাড়িয়া নিশ্বাস কহিন্তু আশায়, "কিবা এ নবীন স্থান

দেখাবে আমারে, দেখেছি অনেক, নহে এ ভক্নণ প্রাণ।"

আশা কহে "তবু কভু ত সে পুরী কর নাই পরিক্রম,

চল সঙ্গে মম, দেখ একবার, ঘুচুক চিত্তের ভ্রম।

জানি যে কারণে তাপে চিত্ত তব,

ষে বাসনা ধর মনে—

পুরাব বাসনা সকল তোমার, প্রবেশ আমার বনে ;

#### হেমচন্দ্ৰ-গ্ৰন্থাবলী

দেখাব সেখানে কত কি অভূত, কত কিবা অপরূপ,

দেখে নাই যাহ। নয়নে কখন স্বপনে কোন সে ভূপ ;

থাকিবে কাননে স্বরগে যেমন, কাঁদিতে হবে না আর;

শোক চিন্তা তাপ ভূলিবে সকল, ঘুচিবে প্রাণের ভার।"

বচনে আশার পাইয়া আশ্বাস পশ্চাতে তাহার সনে

যাই ক্রতগতি হৈয়ে কুতৃহলী প্রবেশিতে সে কাননে।

আসি কিছু দূর দাঁড়াইলা আশা হাসিয়া মধুর হাসি,

পরশি তর্জনী মম আঁখিছয়ে কহিলা মৃহল ভাষি;

"হের বৎস, হের সম্মুখে তোমার আমার কাননস্থল,

কাননের ধারে হের মনোহর ধারা কিবা নিরমল।"

নিরখি সম্মুখে আশার কানন প্রক্ষালিত ধারা-জলে;

স্বচ্ছ কাচ যে**দ** সলিল তাহাতে উছলি উছলি চলে ;

কখন উথলি উঠিছে আপনি, কখন হইছে হ্ৰাস,

মণি-পদ্ম কত, মণির উৎপদ্স ধারা-অঙ্গে স্থাকাশ;

খেলে ধারা-নীরে তরী মনোহর হীরকে রচিত কায়, প্রাণী জনে জনে একে একে একে কভ যে উঠিছে তায়;

বিনা কর্ণ দশু জমে সে তরণী খেয়া দিয়া ধারা-নীরে;

উঠে ক্রমে তাহে প্রাণী যত জন পরপারে রাখে ধীরে।

উঠে তরী'পরে প্রাণী হেন কড যুবা বৃদ্ধ নারী নর.

মনোরথ-গতি খেলায় তরণী ধারা-নীরে নিরস্তর।

গগনে যেমন দামিনীছটায় কাদম্বিনী শোভা পায়,

প্রাণী সে সবার বদন তেমতি প্রদীপ্ত স্বখ-প্রভায়,

চিত-হারা হৈয়ে হেরি কত ক্ষণ প্রাণী হেন লক্ষ

দশ দিক্ হৈতে আসে সেই স্থানে তরণী করিয়া লক্ষ্য।

আশা কহে হাসি চাহি মুখপানে "কি হের সম্বিদ্-হারা,

আমার কাননে প্রবেশে যে প্রাণী তাহারই এমনি ধারা—

হের কিবা স্থ্য ভাতিছে বদনে, নাচিছে হাদয় কত;

বাসনা-পীযুষ পানে মন্ত মন চলে মাতোয়ারা মত :

নন্দনে যেমন নিমেষে নৃতন নবীন কুত্মম ফুটে,

নিমেষে তেমতি ইহাদের চিতে নবীন আনন্দ উঠে;

দেখেছ কি কভু কখন কোথাও তরী হেন চমৎকার. পরশে পরাণে বিনাশে বিরাগ, ঘুচায় প্রাণের ভার; উঠ তরী'পরে, বুঝিবে তখন এ কাননে কত সুখ; নন্দন-সদৃশ রচেছি কানন ঘুচাতে প্রাণীর ত্থ।" এত কৈয়ে আশা ধরিয়া আমারে তুলিলা তরণী'পর; অমনি সে ধারা- সলিল উপলি চলে ক্রত থর থর; দেখিতে দেখিতে পুরিয়া ছ কূল ছल ছल চলে জল: দেখিতে দেখিতে সলিল ঢাকিয়া ফুটিল কত উৎপল; চলিল তরণী গতি মনোহর, मधूत मूत्रनीक्वनि বাজিতে লাগিল সহসা চৌদিকে তরীতে সদা আপনি: ভুলিলাম যেন এ বিশ্ব-ভুবন করতলে স্বর্গ পাই। চারি দিকে যেন মণিময় পুষ্প নির্বাথ যেখানে চাই। শুনি যেন কেহ কহে শ্রুতিমূলে "দেখ রে নয়ন মেলি, কলম্ব-বিহীন মানৰ-মণ্ডলী ধরাতে করিছে কেলি:

স্বর্গতুল্য এবে হয়েছে পৃথিবী, স্বর্গের মাধুরীময়, ছেষ, হিংসা, পাপ বৰ্জ্জিত পরাণী, নিৰ্মাল শুচিহ্নদয়।"

হেরি যেন মর্ত্ত্যে তেমতি তরুণ, তেমতি নবীন ভাব

ধরেছে মানব যে দিন বিধির ফুদি-পদ্মে আবির্ভাব:

নাহি যেন আর সেই মর্ত্তাপুরী, যেখানে দারিজ্য-শিখা

ভস্ম করে নরে, হুতাশ-অঙ্গারে, অনলে যথা মক্ষিকা:

হৃদয়-মন্দিরে যেন অভিনব কিরণ প্রকাশ পায়,

চুরি করা ধন, ফিরে যেন কাল কোলে আনে পুনরায়;

কত যে হৃদয়ে আনন্দ-লহরী উঠিল তখন মম,

ভাবিলে সে সব, এখনও অস্তরে সহসা উপজে ভ্রম!

কত দূর আসি ভাসি হেন রূপে তরণী হইল স্থির,

পরপারে আসি আশা সহ স্থথে উতরি ধারার নীর;

তরী হৈতে তীরে নামিয়া তখন হেরি মনোহর স্থান ;

বহিছে সতত শীতল প্রন বিস্তারি মধুর ভ্রাণ ;

তরু-ডালে ডালে পূর্ণ-প্রকাশিত স্থরভি কুস্থমদল;

চন্দ্রমার জ্যোতি- সদৃশ কিরণে উজ্জ্বল কাননস্থল; পল্লবে বসিয়া পাখী নানা জাতি
মধ্র কৃজিত করে;
নাচিয়া নাচিয়া গ্রীবা-ভঙ্গি করি
ময়ুর পেখম ধরে;

কুছ কুছ কুছ কুহরে গলায় কোকিল প্রমন্ত ভাব,

মৃহু মৃহু ত**ন্থ-শ্রিমক**র স্থগন্ধ স্থার প্রাব;

সরোবর-কোলে প্রফুল্ল কমল, কুমুদ, কহলার ফুটে,

গুঞ্জরিয়া অলি কুস্থমে কুস্থমে আনন্দে বেড়ায় ছুটে;

চলেছে সেখানে প্রাণী শত শত সদা প্রমুদিত প্রাণ,

স্থমধুর স্থরে পূরে বনস্থলী আনন্দে করিয়া গান ;

কেহ বা বলিছে "আজ নির**খি**ব কুমুদরঞ্জন শোভা,

উঠিবে যখন গগনেতে শশী জগজন-মনোলোভা ;

আজি রে আনন্দে ধরিব হাদয়ে
মধুর চাঁদের কর,

কোমল করিয়া কুস্থম সে করে রাখিব জ্বদয়'পর ;

তাহার উপরে রাখিয়া প্রিয়ারে, কত যে পাইব সুখ।

কখন হেরিব গগনে শশাস্ক,
কখন তাহার মুখ।

কহে কোন জন বেণুরবে সুখে

কহে কোন জন বেণুরবে সুখে "কোথা পাব হেন স্থান ; জগত-ত্র্লভ রাখিয়া এ নিধি নিরখি জুফুাই প্রাণ!

দিলা যে গোঁসাই এ হেন রতন যতনে রাখিতে ঠাঁই

ভূমণ্ডল মাঝে নিরজন হেন নয়নে দেখিতে নাই।"

কেহ বা ৰলিছে "হায় কত দিনে পাব সে কাঞ্চন-ফল:

নাহি রে স্থন্দর দেখিতে তেমন খুঁজিলে অবনীতল।

দে হর্লভ ফল কি যে অপরূপ দেখিতে কিবা স্থন্দর,

বৃঝি ক্ষিতিতলে অমুরূপ তার নাহি কিছু সুখকর!

পাই দরশন নয়নে কেবল না লভি আস্বাদ কভু,

হায় মধুময় কিবা সে আনন্দ, কিবা সে আত্মাণ তবু;

না জানি সঞ্চয়ে পাব কত সুখ, ঘুচিবে সকল ভয়,

কভূ যদি পাই করিব পৃথিবী অপূর্ব্ব সৌন্দর্য্যময়;

ভাবনা কি ছার, ছার চিস্তা, রোগ, সে ফল যগুপি মিলে,

বিনিময়ে তার জীবন পরাণী ক্ষোভ নাহি বিকাইলে।"

চলে কত জন সুখে করে গীত, বলে "কবে পাব যশ,

পরিয়া শিরেতে শোভিব উজ্জ্বল, ধরণী করিব বশ; পৃথিবী-ভিতরে দ্বিতীয় রতন কে আছে তেমন আর— হীরা মণি হেম চিকণ মৃত্তিকা, কেবল যখের ভার !" বাজিছে কোথাও জয় জয় নাদে গম্ভীর ছন্দুভি-স্বর, চলে প্রাণিগণ করিয়া সঙ্গীত কম্পিত মেদিনী'পর! বলে "প্রভাকর আজি কি স্থন্দর হেরিতে গগন-ভালে. আজি মন্ত নদী মাতঙ্গ-বিক্রমে হের কি তরঙ্গ ঢালে ! আদ্ধি রে প্রতাপ প্রভঞ্জন তোর হেরিতে আনন্দ কত, আজি ধরা তব হেরি অবয়ব কিবা সুখ অবিরত ! তোল হৈম ধ্বজা গগনের কোলে কেতনে বিহ্যুৎ জ্বাল— লেখ ধরাতলে কুপাণের মুখে মানব জিনিবে কাল :" বলিয়া স্থসজ্জ তুরক্স-উপরে ভর করি কত জন, চলে ক্রন্তবেগে শাণিত কুপাণ করে করি আকর্ষণ। দশ দিক্ হৈতে কত হেনরূপ সঙ্গাত শুনিতে পাই:

হরষ উল্লাসে উন্মন্ত পরাণ প্রাণী হেরি যত যাই। যথা সে জাহ্নবী তরঙ্গ নির্মাণ ছাড়িয়া শিখরতল, শ্রমে দেশে দেশে শীতল বারিতে, শীতল করি অঞ্চল :—

ছোটে কল কল ধ্বনি নীরধারা

ধরণী পরশে স্থােখ,

বিবিধ পাদপ নানা শস্ত ফল, বিস্তৃত করিয়া বুকে :

খেলে জলচর মীন নানা জাতি সম্ভরণ করি নীরে;

পশু স্থলচর বিবিধ আকৃতি সদা ভ্রমে স্থাখে তীরে:

তীর-সন্নিহিত বিটপে বিটপে পাৰী করে স্থথে গান ;

লতা গুলারাজি বিকাসে সৌরভ প্রফুল্লিত করি প্রাণ;

ভ্রমে তটে তীরে প্রাণী লক্ষ লক্ষ সদা প্রমুদিত মন,

আনন্দিত মনে নীরে করে স্নান সদা স্থাপে নিমগন :—

যথা সে জাহ্নবী ভারত-শরীরে বহে নিত্য স্থখকর,

বহে নিত্য এথা নিরখি তেমতি স্থানন্দ-স্থধা-লহর।

দেখি শত পথে ছাড়ি শত দিক্ প্রাণিগণ চলে তায়,

যুবা বৃদ্ধ প্রাণী পুরুষ রমণী ক্ষিতি পূর্ণ জনতায়;

চলে থাকে থাকে কাতারে কাতার পিপীলির শ্রেণী মত;

অসংখ্য অসংখ্য প্রাণীর প্রবাহে পরিপূর্ণ পথি যত। নিরখি কৌতুকে চাহিয়া চৌদিকে সাগরের যেন বালি—

চলে প্রাণিগণ ঢাকি ধরাতল,

চলে দিয়া করতালি;

অশেষ উৎসাহ আনন্দ আশাসে সকলে করে গমন.

দেখিয়া বিশ্বয়ে প্রিয়া আখাদে আশারে হেরি তখন ;

জিজ্ঞাসি তাহায় "এরূপ আনন্দে প্রাণী সবে কোথা যায়,

কি বাসনা মনে চলে কোন্ স্থানে কি ফল সেখানে পায় !"

আশা কহে শুনি হাসিয়া তখন "চল বংস, চল আগে,

প্রাণি-রঙ্গভূমি কর্মক্ষেত্র নাম নিরখিবে অমুরাগে;

প্রাণী যত তুমি হের এই সব সেইখানে নিত্য যায়,

বাসনা কল্পনা যাদৃশ যাহার

সেইখানে গিয়া পায়।

আশা-বাণী শুনি চলি ক্ৰত বেগে, আশা চলে আগে আগে,

আসি কিছু দূর দেখি মনোহর পুরী এক পুরোভাগে।

### দ্বিতীয় কল্পনা

[কর্মকেঅ—ছর বার—ছয় জন প্রহরী কর্ত্তক রক্ষিত—পুরী-পরিক্রম—প্রতি বারে প্রহরীর আক্বতি ও প্রকৃতি দর্শন। ১ম বারে শক্তি, ২য় বারে অধ্যবসায়, ৩য় বারে সাহস, ৪র্ব বারে বৈর্য্য, ৎম বারে প্রম, ৬ৡ বারে উৎসাহ—পুরীমধ্যে প্রবেশ—পুরী-দর্শন—পুরীর মধ্যভাগে যশ:শৈল।]

চৌদিকে প্রাচীর অপূর্ব্ব নগরী পাষাণে রচিত কায়া, নিরখি সম্মুখে বিশাল বিস্তৃত প্রকাশিয়া আছে ছায়া; প্রাণী শত শত প্রাচীর-শিখরে নির্থি সেখানে কত বিচিত্র স্থন্দর সামগ্রী ধরিয়া ভ্রমে স্থাথে অবিরত ; নিমদেশে প্রাণী করি উদ্ধ মুখ কতই আকুল মন চাহিয়া উচ্চেতে অধীর হইয়া সদা করে নিরীক্ষণ-রাজ-সিংহাসন রাজ-পরিচ্ছদ সুবর্ণ রজত কায়, প্রবাল মাণিক্য মণ্ডিত হীরক কত দ্ৰব্য শোভা পায়। আশা কহে "বংস, অপূর্ব্ব এ পুরী আমার কাননে ইহা, • প্রবেশে ইহাতে প্রাণী নিত্য নিত্য মিটাতে প্রাণের স্পৃহা, আছে ছয় দার, এ পুরী পশিতে ছয় দ্বারী আছে দ্বারে। কেহ সে ইহাতে আদেশ বিহনে প্রবেশিতে নাহি পারে;

আ(ই)সে যত জন প্রবেশ-মানসে সেই পথে করে গতি,

যে পথে যাহারে করিতে প্রবেশ দ্বারী করে অনুমতি।

দারে দারে হের মুহূর্ত্তে মুহূর্ত্তে আ(ই)দে প্রাণী কত জন,

একে একে সবে প্রতি দারে দারে ক্রমশঃ করে ভ্রমণ।

চল দেখাইব এ পুরী ভোমারে আগে দেখ ষড়্ দ্বার,

কিরূপ আকৃতি প্রকৃতি প্রহরী গতি মতি কিবা কার।"

এত কৈয়ে আশা লইয়া আমায় চলিল প্রথম দ্বারে;

নিরখি সেখানে যুবা এক জন দাঁড়ায়ে দ্বারের ধারে;

দার-সন্নিধানে প্রকাণ্ড মূরতি, অচলের এক পাশে

সে যুবা পুরুষ ভুরু দৃঢ় করি দাড়ায়ে দেখে উল্লাসে;

হেলিয়া পড়েছে অচল শরীর, সে যুবা ধরিয়া তায়

তুলিছে ফেলিছে অবলীলাক্রমে ভুরাক্ষেপ নাহি কায়;

কভূ সে°অচলে ভ্রুকৃটি করিয়া যুবা হেরে মাঝে মাঝে,

নিহত কপোত নিক্ষেপি অস্তরে নিরখে যেমন বাজে। দেখিয়া যুবার বিচিত্র ব্যাপার

যুবার বিচিত্র ব্যাপার বিশ্বয়ে নিস্পন্দ হই, বাণীশৃত্য হয়ে প্রমাদে ক্ষণেক স্তম্ভিত ভাবেতে রই:

পরে কুতৃহলে চাহি আশা-মুখ, আশা বৃঝি অভিপ্রায়

কহে "শক্তিরূপ প্রাণি-রঙ্গভূমে এই দ্বারে হের তায়;

অসাধ্য ইহার নাহি এ ভবনে যাহা ইচ্ছা তাহা করে ;

জন্ম দৈত্যকুলে মানবমগুলী পুজে এরে সমাদরে।"

কহিয়া এতেক হৈয়ে **অগ্রস**র আসিয়া দিতীয় দার

আশা কহে "বৎস, দেখ এ ত্য়ারে প্রাণী এক চমৎকার।"

দ্বিতীয় দ্বারেতে নিরখি বসিয়া বৃদ্ধ প্রাণী একজন,

করি হেঁট মাথা বালুস্থপ পাশে বালুকা করে গণন ;

গুণিয়া গুণিয়া শিশ্ব-সদৃশ করিয়াছে বালুরাশি,

আবার গুণিয়া লয়ে ভার ভার ঢালিছে তাহাতে আসি ;

অক্স কোন সাধ অক্স অভিলাষ নাহি কিছু চিত্তে তার,

অনন্য মানসে বালি গুণি গুণি করিছে শৈল-আকার;

অতি সাম্যভাব প্রকাশ বদনে অণুমাত্র নাহি ক্লেশ,

অস্তুরে শরীরে নহে বিকসিত চাঞ্চল্য বিরক্তি লেশ। আশা কহে "বংস, ভুবনে প্রসিদ্ধ ধরাতে সুখ্যাতি যার,

সে অধ্যবসায় প্রাণি-রঙ্গভূমে চক্ষে দেখ এইবার।"

ক্রমে উপনীত তৃতীয় হয়ারে আসিয়া হেরি তখন,

দাঁড়ায়ে সে ছারে প্রাণী লক্ষ লক্ষ করে দ্বারী-আরাধন;

মহা কোলাহল হয় সেই দ্বারে শস্ত্রধারী সর্বজন;

রবির আলোকে চমকে চমকে অস্ত্রে অস্ত্র ঘরষণ;

নিরখি নির্ভীক 'পুরুষ জনেক দ্বারেতে প্রহরী-বেশ,

অপাঙ্গ-ভঙ্গিতে বীর্য্য পরকাশি চাহি দেখে অনিমেষ ;

সম্মুখে উন্মত্ত কেশরী কুঞ্জর করে ঘোরতর রণ,

নিমগ্ন ভাবেতে সেই বীর্য্যবান্
করে ভাহা দরশন;

অটল শরীর আসি মধ্যস্থলে ছই হাতে দৌহে ধরে,

এক হাতে সিংহ, এক হাতে করী— বেগ নিবারণ করে,

আবার উদ্ভেক করিয়া উভয়ে দেখে ঘোরতর রণ,

কেশরী কুঞ্জর লৈয়ে করে ক্রীড়া মনসাধে অনুক্ষণ।

আশা কহে "ঘারে দেখিছ যাহারে সাহস তাহার নাম, ইনি তুষ্ট যারে ধরা তুষ্ট তারে মর্ভ্যে ব্যক্ত গুণগ্রাম।"

চতুর্থ ছয়ারে আশা আ(ই)সে এবে কহে "বৎস, ধৈর্য্য দেখ,

প্রাণি-রঙ্গভূমে এর তুল্য প্রাণী হেরিতে না পাবে এক,

দেখ কিবা ছটা বদনে প্রদীপ্ত কিবা সে প্রশাস্ত ভাব,

এ মূর্ত্তি যে ভাবে পবিত্র স্থাদয়ে করে নিত্য স্থখলাভ।"

বিক্ষারিত-নেত্র নিরখি সে দ্বারে স্থিরদৃষ্টি এক জন

শৃষ্টে দৃষ্টি করি অস্তরের বেগ সদা করে সম্বরণ;

ঘিরিয়া চৌদিকে ভূজক তাহারে
দংশন করিছে কত,

এক(ই) ভাবে সদা তবু সে পুরুষ গ্রীবাদেশ সমূত্রত,

মুখে নাহি স্বর নয়ন অপাকে নাহি ঝরে অশ্রুকণা ;

নাহি বহে ঘন শ্বাস নাসারদ্রে, নহেক চঞ্চলমনা।

কতিপয় মাত্র প্রাণী সেই দ্বারে প্রবেশ করিছে হেরি,

দূরে দাঁড়াইয়া প্রাণী শত শত আছয়ে সে দার ঘেরি;

হেরি অপরূপ প্রাণী দ্বারদেশে সম্ভ্রমে স্থধি আশায়,

সেরূপে সেখানে কেন সে বসিয়া ফণী দংশে কেন গায়। শুনিয়া বচন ধীর শাস্তমতি ধৈৰ্যা সে তথন কয় "শুন বলি কেন হেন দুশা মম কিরূপে উদ্ভব হয়। অদৃষ্ট স্ঞান করিয়া বিধাতা ভাবিয়া আকুল প্রাণ,— অতি মধুময় মাধুরীতে তার সর্বব অঙ্গ নিরমাণ; যা বলৈন বিধি তখনি সে সাধে যারে করে পরশন দেব, দৈত্য, প্রাণী তখনি অমনি বশীভূত সেই জন; কিন্তু অঙ্গে তার ভূজকের মালা পরাণী দেখিয়া ত্রাসে. নিকটে তাহার আপন ইচ্ছাতে কেহ না কখন আসে: কি করেন বিধি ভাবিয়া অধীর रुकंन विकल रय, অদৃষ্টের কাছে প্রাণী কোন জন স্বস্থির নাহিক রয়।---আমি দৈব-দোবে আসি হেন কালে নিকটে করি গমন: না জানি যে বিধি কি ভাবিলা মনে আমারে হেরি তর্থন; খুলি ফণিমালা অঙ্গ হৈতে তার পরাইলা মম অঙ্গে. কহিলা ভ্রমণ করিতে ভুবন नितीरत वार्धि जुजरा ;

বিধাতার বাক্য না পারি লভিবতে

ত্রিলোক ভূবনে ফিরি

क्रिमाना भरन, अन विरव ज्वरन, मिया निमि धीति धीति ;

ব্রহ্মাণ্ড ভ্বনে নাহি পাই স্থান স্থান্থির পরাণে থাকি,

শেষে আশা-পুরে আসি সুস্থ কিছু

এরূপে ছয়ার রাখি।

দেখি স্থকুমার মানস তোমার এ পুরী-ভ্রমণে তাপ

পাও যদি কভু, আসিও নিকটে, ঘুচাইব সে সস্তাপ।"

শুনি ধৈর্য্য-বাণী হৈয়ে চমৎকৃত চলিমু পঞ্চম দ্বার;

নিরখি সেখানে প্রহরী জনেক প্রাণী অতি খর্কাকার,

বামন আকৃতি সেই কুত্ত প্রাণী কোদালি করিয়া হাতে,

করিছে খনন ধরণী-শরীর

নিত্য নিত্য অস্ত্রাঘাতে, খনন করিয়া তুলিছে মৃত্তিকা

রাশিতে রাখিছে একা,

কলেবরে স্বেদ ঝরিছে সভত, বদনে চিস্তার রেখা।

শুনি সেই দ্বারে প্রাণি-কোলাহল নিবিড় জনতা তায়,

মুহূর্ত্তে প্রাণী প্রবেশিছে প্রভঙ্গ কীটের প্রায়;

বসন-ভূষণ- বিহীন শরীর ক্লেদ ঘর্মা স্বেদ মলা,

অঙ্গে পরিপূর্ণ কুধা তৃষ্ণাতৃর কেশজাল তামশলা। নিরখি তাদের আক্রিষ্ট বদন আশারে জিজ্ঞাসা করি,

কেন বা সে সব প্রাণী সেই দ্বারে সেরূপ আকার ধরি।

আশা কহে "বংস, অস্তা কোন পথ যে প্রাণী নাহিক পায়,

কর্মক্ষেত্র-মাঝে এই দ্বারে তারা প্রবেশ করিতে চায় ;

শ্রম নামে হঃখী শুনিয়াছ তুমি নরে তুচ্ছ যার নাম,

সেই শ্রম এই হের মূর্ত্তি তার কন্টে সিদ্ধ মনস্কাম।"

শুনি আশা-বাণী ছংখিত অস্তরে নিকটে তাহার যাই.

বিনয়ে নিবৃত্ত করিয়া শ্রামেরে বারতা ধীরে স্থধাই :

সাস্থনা-বাক্যেতে হৈয়ে সুশীতল কহে দ্বারী খেদস্বরে,

বলিতে বলিতে বক্ষঃস্থলে নিত্য ঘর্ম্মবিন্দু ঘন ঝরে;

কহে "চিরদিন আমি এইরূপে এই সে কোদালি ধরি,

ধরণী খনন করি অহরহ, না জানি দিবা শর্কারী,

প্রভাত ফুরায় আ(ই)সে অপরাহু আবার প্রভাত হয়,

তবু ক্ষণকাল এ ক্ষিতি খননে আমার বিরাম নয়,

দিবস যামিনা খুঁড়িয়া খুঁড়িয়া নিত্য যা সঞ্চয় করি, যে মৃত্তিকা-রাশি পবনে উড়ার কিম্বা অন্যে লয় হরি ;

দশ বর্ষে যাহা তুলি আকিঞ্চনে এক বাত্যাঘাতে নাশে,

না জানি কেন বা অদৃষ্টে আমার এতই হুর্দ্দিব আসে ;

আর আর দ্বারে দ্বারী হের যত কেহ না বিল্ল পোহায়,

ধ্লিমুঠি করে না করিতে ভারা সোনামুঠি হয়ে যায়;

আমি যদি সোনা রাথি কণ্ঠে গাঁথি, তথনি সে হয় ভশ্ম,

শ্রমের ভাগ্যেতে নাই নাই শুধু, কিবা অগু কি পরশ্ব ;

অই যে দেখিছ তব সঙ্গে আশা কত কি করিবে দান,

বলিয়া আমারে আনিল এখানে এবে সে দেখ বিধান।"

শুনি চাহি ফিরে আশার বদন আশা ফিরাইয়া মুখ,

কহে "বৎস, চল যাই ষষ্ঠ দ্বারে, অদৃষ্টে উহার হুখ।"

ফেলি দীর্ঘধাস চলি আশা-সনে অগ্রভাগে ষষ্ঠ দ্বার,

হেরি স্তম্ভপাশে ভীম মহাবল প্রাণী সেথা চমৎকার;

দাঁড়ায়ে হয়ারে অতুল বিক্রমে শৃক্ত পদে আছে স্থির,

করতলে ধরি আকাশ-মণ্ডল, হুস্কার করে গম্ভীর; নিশ্বাস প্রশ্বাস বহিছে স্থনে অপরূপ তেজ তায়,

নিমেষে পরশে শরীর যাহার, দেবশক্তি যেন পায়;

প্রাণিগণ আসি দ্বারে উপনীত হয় নিত্য যেই ক্ষণ,

সে নিশ্বাস-বেগে আবর্ত্ত আকারে প্রবেশে পুরে তখন ;

পড়িলে তাহাতে ভগ্নতরী-কাষ্ঠ মৃহুর্ত্তে প্রবেশে তলে,

এথা সেইরূপে ঘুরিতে ঘুরিতে প্রাণী প্রবেশিছে তায়,

ক্ষণকাল স্থির কেহ দৃঢ় পদে সেখানে নাহি দাঁড়ায় :

প্রাণীর আবর্ত্তে পড়িতে পড়িতে আশা দৃঢ় করে ধরি

রাখিল আমারে স্তস্ত-বহির্দ্দেশে যতনে স্থস্থির করি।

বিশ্বয়ে তখন কৌতৃক প্রকাশি আশার বদন চাই,

আশা কহে "বংস, না হও চঞ্চল আছি সঙ্গে ভয় নাই;

এ মহাপুরুষ এই ষষ্ঠ দারে ভূবনে বিখ্যাত যিনি

উৎসাহ নামেতে অসম সাহস, সেই মহাপ্রাণী ইনি।"

আশার বাক্যেতে উৎসাহ তখন আনন্দে আগ্রহে অতি বসায়ে নিকটে বলিতে লাগিল সম্মুখে দেখায়ে পথি—

"এই পথে যাও কর্মক্ষেত্র-মাঝে না কর অস্তুরে ভয়ু

কে বলে ক্ষণিক মানব-জীবন ! জগতে প্রাণী অক্ষয় ;

প্রাণি-রঙ্গভূমে ভ্রম তীব্র তেজে শরীর অক্ষয় ভাব,

মৃত্যু তুচ্ছ করি জীবরঙ্গে মজি দৈত্যের বিক্রমে ধাব;

শৈবালের জল স্বপন-প্রলাপ নহে এ মানব-প্রাণ,

কীট কৃমি তুল্য আহার শয়ন আত্মার নহে বিধান:

বন্ধাণ্ড জিনিতে এ মহীমণ্ডলে জীবাত্মা বিধির সৃষ্টি;

সেই ধন্য প্রাণী, নিত্য থাকে যার সেই পথে দৃঢ় দৃষ্টি;

স্বকার্য্য সাধন নহে যত কাল এ বিশ্ব-ভুবন মাঝে,

জ্ঞান বৃদ্ধি বল ধন মান ভেজ দেহ প্রাণ কোন্ কাজে ;

ধিক্ সে মানবে এখনও না পারে প্রাণ সঞ্চারিতে জীবে,

এখন(ও) কৃতান্তে না পারে জিনিতে সংহারি সর্ব্ব অশিবে:

কি কব এ তেজ সহিতে না পারে নর-জাতি তেজোহীন,

নতুবা তাদের দেবতুল্য তেজ করিতাম কত দিন।" এত কৈয়ে ক্ষান্ত হইল উৎসাহ নিশ্বাসে হঙ্কার ছাড়ে ;

কাঁপিতে কাঁপিতে প্রাণীর আবর্ত্ত নিরখি আশার আড়ে;

মুহুর্ত্তে শতেক সহস্র পরাণী ঘুরিতে ঘুরিতে যায়,

দ্বারদেশে পশি তিলার্দ্ধেক কাল ভূমিতে নাহি দাঁড়ায়।

বিশ্ময়ে তখন আশার সংহতি নগরে প্রবিষ্ট হই,

প্রবেশি নগরে ক্ষণকাল যেন স্তম্ভিত হইয়া রই ;

পরে নিরীক্ষণ করি চারি দিকে প্রাণী হেরি রঙ্গভূমে,

শত শত প্রাণী শত শত ভাবে গতি করে মহা ধুমে ;

নিরখি কোথাও কেতন স্থন্দর বহুমূল্য বিরচিত ;

কোথাও চিত্রিত রঞ্জিত বসনে ধরাতল সুসজ্জিত;

কোথা চন্দ্রাতপ অভ্র-শোভাকর বিস্তৃত গগনভালে;

কোথা যবনিকা চিত্রিত ছুকুল আচ্ছাদিত হেমজালে;

মুকুতা-জড়িত বসনে আরুত তুরঙ্গ কুঞ্জর কত

পথে পথে পথে কিতি ক্ষুক্ত করি গতি করে অবিরত;

হীরক-মণ্ডিত যান শত শত পথে পথে করে গতি; জনতার স্রোতে নগর প্লাবিত রজ্ঞাপরিপূর্ণ পথি;

কোথা বা স্থন্দর হেম মণিময় আসন সজ্জিত আছে:

প্রাণী লক্ষ লক্ষ করি কর যোড় দাঁড়ায়ে তাহার কাছে;

বসিয়া আসনে প্রাণী কোন জন হেমদণ্ড করতলে,

আকাশ বিদীর্ণ, ঘন জয়ধ্বনি, প্রাণিরন্দ কোলাহলে;

হেরি স্থানে স্থানে বসি কত জন, শিরস্ত্রাণে জ্বলে মণি,

ইঙ্গিতে কটাক্ষ হেলায় যে দিকে সেই দিকে স্তবংধনি ;

কোথা বা স্থসজ্জ তুরঙ্গম-পৃষ্ঠে কেহ করে আরোহণ,

বান্ধিয়া কটিতে হিরণ্য-মণ্ডিত অসি লগ্ন সারসন;

কোটি কোটি প্রাণী ইঙ্গিত-কটাক্ষে চৌদিকে ছুটিছে তার,

করিছে গর্জন, অসি নিষ্কাসন, ভীষণ ঘন চীংকার ;

কোন দিকে পুন: হেরি কড বামা অন্তরে ভাবিয়া সুথ

বাঁধিছে কবরী বিননী বিনায়ে, হাসিরাশি মাথা মুখ;—

কেহ বা কুসুমে পাতিছে আসন কোমল ধরণীতলে,

বসিছে তাহাতে অস্তরে স্থানী সিঞ্চিয়া সুগন্ধি জলে; ক্ছে বা চিকণ পরিয়া বসন করতলে মণিমালা

ছুলাইছে ধীরে, বাজুতে ঘুংঘুর, বাছতে বাজিছে বালা:

চলে কোন ধনী ধীরে ধীরে ধীরে চারু কলা যেন শশী,

যুবা কোন জ্বন আঁকে রূপ তার ধীরে ধরাতলে বসি ;

চলে কোন বামা রাঙ্গা পদতঙ্গ পড়ে ধরণীর বুকে,

যুবা কোন জন কোমল বসন সন্মুখে পাতিছে সুখে,

নিরখি কোথাও নারী কোন জন বসিয়া ধরণীতলে,

কোলে স্থকুমার হেরে শিশুমুখ ব্যজন করি অঞ্চলে;

প্রসন্ন-বদন দাঁড়ায়ে নিকটে হৃদয়বল্লভ তার,

হেরে প্রিয়ামূখে, কভু শিশুমূখে মৃছ হাসি অনিবার;

হেরি কোনখানে প্রণয়ীর ক্রোড়ে

শশচিহ্ন যথা পূর্ণ বোল কলা শোভে শশাঙ্কের কোলে ;

কোথাও দাঁড়ায়ে প্রাণী কোন জন, ঘেরে তার চারি পাশ

চাতক বেমন আছে শত জন বদনে প্ৰকাশ আশ ;

আনন্দে মগন সেই সুৰী প্ৰাণী ধরিয়া কাঞ্চনডালা, প্রি করতল করে বিভরণ বিবিধ রতন-মালা;

তনয় তনয়া নিকটে যাহার৷ বান্ধব যতেক জন,

বদন তাঁহার ভাবি শশধর স্থাে করে নিরীক্ষণ ;

কোথাও আবার ধৃলি-ধৃসরিত সহস্র সহস্র প্রাণী

করিছে ক্রন্দন ভার-ভগ্ন দেহ শিরে করাঘাত হানি ;

যুবা, বৃদ্ধ, শিশু স্থেদ-আর্জ বপু, বসনবিহীন কায়,

অনশনে ক্ষীণ, শিরে কক্ষে ভার, কত কোটি প্রাণী যায়;

হাসে খেলে কত কাঁদে কত প্ৰাণী ভাবে বসি কত জন,

কেহ অন্ধকারে, কেহ বা মাণিক-কিরণে করে ভ্রমণ ;

কত অপরপ, কত কি অন্ত্ত, রহস্য এরপ কত

দেখি চক্ষু মেলি প্রাণি-রক্ষভূমে চলিতে চলিতে পথ।

## তৃতীয় কল্পনা

## র**দ্রোভান—আকাজ্জা-**ভবন—ভদ্নিবাসীদিগের নৃশংস ব্যবহার ও কঠোর রীতি নীতি।

চলিতে চলিতে হেরি এক স্থানে অপূর্বব নব অঞ্চল, তরুশিরে ফল অতি মনোহর কনকের পত্রদল। ছুটেছে সে দিকে কত শত প্রাণী কত শত আসি কাছে. ফল পত্র হেরি তরুর শিখরে উৰ্দ্বমুখ হ'য়ে আছে। কোথাও তক্ষতে ঝরিছে রজত বহিছে স্থরভি বাস, প্রাণিগণ তায় ঘেরিয়া চৌদিকে করিছে কত উল্লাস। আশ্র্যা প্রকৃতি তক্ল সে সকল, ঘুরিছে প্রদেশময়, কভু মধ্যদেশে, কভু প্রান্তভাগে, তিলেক স্থান্থর নয়; ভ্রমিছে তাহার পশ্চাতে পশ্চাতে প্রাণী হেরি কত জন, তরু সরি সরি চলে যেই দিকে সে দিকে করে গমন: ভ্রমে কত তরু, ভ্রমে তরু-পার্শ্বে প্ৰাণী হেন কত শত, সদা উদ্ধৰ্যাস, সদা উদ্ধৰাহু, অবিশ্রান্ত, অবিরত; ভ্রমে ক্ষিপ্তপ্রায় পথে নাহি চায়

তরু না পরশে তবু,

ছুটিতে ছুটিতে ত্যজি নাভিশ্বাস তৰুমূলে পড়ে কভূ।

কত তরু পুনঃ দেখি স্থানে স্থানে স্থির হৈয়ে সেথা আছে ;

হোর বিসম্বাদ মহা গণ্ডগোল

হয় নিত্য তার ক্রাছে ;

কত যে ছর্ববাক্য অগ্রাব্য কটুক্তি সতত সেখানে হয়,

শুনিতে জঘন্ম, ভাবিতে জঘন্ম, মুখেতে বক্তব্য নয়।

কোন প্রাণী যদি করে আকিঞ্চন পরশিতে তরু-অঙ্গ,

আঘাত, চীংকার, কতই প্রকার কে দেখে সে প্রাণিরঙ্গ !

দেখিলে তখন সে সব বিকট ক্রুরমতি ভয়ঙ্কর,

মনে নাহি লয় সেই সব জন বস্তুদ্ধরাবাসী নর।

সবার বাসনা উঠে তরু'পরে, উঠিতে না পায় কেহ,

এমনি অন্তুত বিপরীত মতি প্রাণীরা পিশাচদেহ;

কেহ যদি কভু সহি বহু ক্লেশ উঠে কোন তরু'পরে,

তথনি চৌদিকে শত শত জন তারে আক্রমণ করে,

ফেলে ভূমিতলে পাদ পৃষ্ঠ ধরি খণ্ড খণ্ড করে ভূর্ণ,

নখ-দস্তাঘাতে নির্দায় প্রহারে অস্থি মুগু করে চুর্ব;

আরোহী যে জনে না পারে ধরিতে, অন্তে কাটে হস্ত পদ. এমনি বিষম বাসনা গুরস্ত এমনি ঈধা তুর্মদ; তবু সে পরাণী উঠে তরুশিরে আনন্দে কাঞ্চন বাঁধে; ফুটিয়া বসন থাকিয়া থাকিয়া মণি-আভা নেত্ৰ ধাঁধে: ছিন্ন হস্ত পদ কত প্রাণী হেন হেরি সেথা তরু'পরে উঠে অকাতরে কত তরু বাহি ্ ক্ষত অঙ্গে রক্ত ঝরে; সে রুধির-ধারা নাহি করে জ্ঞান প্রাণী সে কাঞ্চন পাড়ে. কনকের পাতা কনকের ফল যতনে বসনে ঝাড়ে। এইরূপে সেথা উঠে নিত্য প্রাণী, কভু আইসে কোন জন অতি দূর হৈতে সে প্রাণিমগুলী নিমিষে করি লজ্ঘন: বিজুলির গতি উঠে তরু'পরে কেহ না ছুঁইতে পায়, তরুর শিখরে উঠেছে যখন তখন সকলে চায়। তরু হৈতে পুন: বতন পাড়িয়া নামে শেষে ধরাতলে: তরুতলস্থিত প্রাণিগণ এবে क्ट नाहि किছू वरन;

যায় দম্ভ করি দেখায়ে রতন ভয়ে সবে জড়সড়, না পারে ছুঁইতে না পারে চলিতে চরণে যেন নিগড়।

বুঝিয়া তখন সম চিত্তভাব আশা কহে "বংস, শুন

ভেবো না বিশ্বয় এই তরুদলে
এমনি আশ্চর্য্য গুণ—

ছলে কিম্বা বলে কিম্বা সে কৌশলে যে পারে উঠিতে শিরে.

তাহারে এখানে কভু কেহ আর পরশিতে নারে ফিরে;

অন্তরে দাঁড়ায়ে শ্বাপদ যেমন গজ্জিবে তখন সবে;

অথবা নিকটে আসিয়া সন্ধরে পদধূলি তুলি লবে।"

জিজ্ঞাসি আশারে এত কটে সবে রতন সঞ্চয় করে;

কি বাসনা সিদ্ধি, কিবা মোক্ষপদ, কোখা পায় পুনঃ পরে।

আশা কয় "এথা আসিতে আসিতে দেখিলে যতেক জন

দিব্যাসনে বসি দিব্য মণি শিরে অপূর্ব্ব শোভা ধারণ ;

দেখিলা যতেক মাতঙ্গ ঘোটক হেম রৌপ্যময় যান;

দেখিলা যতেক দাতা ভোক্তা প্রাণী ভুঞ্জে সুখে পদ মান ;

এই তরু শস্ত্য পত্রাদি চয়ন আগে করি গেলা,তারা,

তাই সে এখন ভোগে সে ঐশ্বর্যা ধরাতে আশ্চর্য্য ধারা।" বলিতে বলিতে আশা চলে আগে পশ্চাতে পশ্চাতে যাই,

সে অঞ্চল মাঝে আসি এক স্থানে চকিত অন্তরে চাই।

দেখি সেইখানে প্রাণী কত জন ভ্রমিছে প্রমন্তভাব;

দামিনীর ছটা মুখেতে যেমন নিত্য হয় আবির্ভাব :

করেতে উলঙ্গ করাল ক্বপাণ ঝকিছে তড়িদ্বং;

নক্ষত্র-পতন- বেগেতে তাহার৷ ছুটি ভ্রমে সর্ববপথ;

কেহ অশ্ব'পরে করি সিংহনাদ ঝড়গতি সদা ফিরে,

যেন অভিলাষ গগনমগুল আকর্ষণ করি চিরে;

কেহ চলে দন্তে উন্মন্ত কুঞ্জরে ক্ষিতি কাঁপে টল টল,

বৃংহতি-নির্ঘোষ ছাড়িয়া কর্কশ চলে দর্পে মদকল;

কেহ মন্তমতি ধায় পদবক্তে তরঙ্গ যে ভাবে ধায়,

তুলি দীপ্ত অসি ঘন, শৃত্যপথে, বজ্রধ্বনি নাসিকায়;

হেন মন্তভাব প্রাণী সে সকল ভ্রমে নিত্য সেই স্থানে,

পদতলে দলি কুন্ধ ধরাতল গগনে কটাক্ষ হানে ;

নিরবি সেখানে কাচ-বিনির্মিত কত চাক্ল অট্টালিকা— চারু শুত্র ভাতি প্রভা মনোহর প্রকাশে যেন চন্দ্রিকা;

হৈম প্ৰজদত্তে শত শত প্ৰজা

খেত রক্ত নীল পীত

অট্টালিকা-চূড়ে উড়িছে সতত গগন করি শোভিত।

ছুটিতে ছুটিতে প্রাসাদ নিকটে সবে উপনীত হয়,

না চিন্তি ক্ষণেক করে আরোহণ চিত্তে ত্যজি মৃত্যুভয়।

প্রাসাদ-শরীরে প্রাণীর শৃত্যল আরোপিত কাঁথে কাঁথে.

লক্ষে লক্ষে এরা সে প্রাণি-শৃত্থলে শিখরে উঠে অবাথে:

উঠে যত দূর ক্রমে গৃহচ্ড়া উঠে তত শৃক্ত ভেদি;

অসম সাহসে প্রাণী সে সকল উঠে অভ্র-অঙ্গ ছেদি ;

উঠে যেন ক্রমে দূর অন্তরীক্ষে আকাশে মিলিত হয় ;

ঘেরি যেন দেহ সৌদামিনী সহ ভলদ সুস্থির রয়।

কোন বা প্রাসাদ মাঝে মাঝে কভু অতি গুরুতর ভারে

পড়ে ভূমিতলে বিচ্ছিন্ন হইয়া চুর্ণ কাচ চারি ধারে;

প্রাণীর সোপান, আরোহী সে জন, কাচ-বিনিশ্মিত গেহ

নিমিষে অদৃশ্য নাহি থাকে কিছু, নাহি থাকে প্রাণী কেহ। না পড়ে যাহারা উঠিয়া শিখরে, ঘন সিংহনাদ ছাড়ে;

পড়িছে প্রাসাদ চারি দিকে যত নিরখি আনন্দ বাড়ে।

সে প্রাসাদমালা উপরে আশ্চর্য্য প্রাণী এক হেরি ভ্রমে,

বিজুলির লতা ক্রীড়া করে যেন প্রাসাদশিখরে ক্রমে।

আরোহী প্রাণীরা নিকটে আইলে মুকুট তুলিয়া ধরে;

অধৈর্য্য হইয়া প্রাণী সে সকল কিরীট শিরেতে পরে ;

পরিয়া উজ্জ্বল কিরীট মস্তকে বেগে নামে ধরাতলে:

ছাড়িয়া হুস্কার কাঁপায়ে মেদিনী মহাদম্ভ তেজে চলে:

বলে গর্ব্ব করি "পৃথিবী স্ম্জন বল সে কাহার তরে,

না যদি সম্ভোগ করিৰে এ ধরা কেন বিধি স্থাঞ্জে নরে।

স্থর-বীর্য্য ধরি যে আসে মহীতে তাহারি উচিত হয়

ভূঞ্জিতে ধরাতে ঐশ্বর্যা প্রতাপ, পশু যারা ভাবে ভয়।

ধর্ম লৈয়ে ভাবে পাবে কর্ম-ফল পাবে মোক্ষপদ, হায়!

মর্ত্ত্যে ইন্দ্রালয় করিতে পারিলে স্বর্গপুরী কেবা চায়।"

হেন গর্বভাব চলে দর্প করি প্রাণী সে সকল হেরি, অশ্রুত নয়নে শত শত প্রাণী চলে চারি দিক্ ঘেরি;

কেহ বলে কোথা জনক আমার, কেহ বলে ভ্রাতা কই,

কেহ বলে ফিরে দেও ধরানাথ নাহি সে সম্বল বই।

এইরপে কত রমণী বালক ক্রন্দন করিয়া ধীরে.

গলবস্ত্র হয়ে চলে কৃতাঞ্জলি সঙ্গে সঙ্গে সদা ফিরে।

না শুনে সে বাণী সে ক্রন্দনশ্বর সে প্রাণী শার্দ্দূল-প্রায়

অসি হেলাইয়া চমকে চমকে উন্মন্ত ভাবেতে ধায়;

যে পড়ে সন্মূখে কি পুরুষ নারী কিবা বৃদ্ধ শিশু প্রাণী

খণ্ড খণ্ড করে তখনি সে জনে শাণিত কুপাণ হানি।

দেখিলাম কত শিশু এইরূপে কত যে অনাথা নারী

করিল বিনাশ সদা-মন্ত-মন সেই সব অন্ত্রধারী;

নাহি করে দয়া প্রাণে নাহি মায়া কত প্রাণী হেন বধে,

কমল-কোরক শুশুেতে ছিঁ ড়িয়া হস্তী যেন চলে মদে;

কেহ উত্তরাস্থে কেহ বা পশ্চিমে পূর্ব্ব দিকে কোন জন,

দেখি সেই সব উন্মন্ত পরাণী দাপটে করে গমন; উত্তর পশ্চিমে প্রাণী ছই এক কিঞ্চিৎ সঙ্কোচে যায়,

কেশরি-গর্জনে পূর্ব্ব দিকে হায় ছুটে কত মহাকায়।

দেখিয়া তখন জদয়ে যেমন রুধির হইল জল;

যেন বিষপানে জ্বলিল পরাণ, দেহ হৈল শৃহ্যবল।

কহিন্থ আশায় এই কি তোমার আনন্দ-কানন-স্থান!

আসিলে এখানে জুড়ায় তাপিত ফুদুয় শরীর প্রাণ!

ঈষং লজ্জিত ভাবে কহে আশা "শুন রে বালকমতি,

আমার সেবক প্রাণী যত এথা এ নহে তাদের গতি;

হুরাকাজ্ফা নামে হুরাত্মা পরাণী কখন পশে এথায়

হর্দ্দম প্রতাপ দাপট তাহার, নিবারিতে নারি তায়;

ভুলাইয়া প্রাণী ফেলয়ে কুপথে অহি সম পূর্ণ-ছল,

বারেক যাহারে সে জন পরশে করে তারে করতল;

নাহি থাকে আর অধিকার মম সে প্রাণী পশ্চাতে ধায়,

নাহি জানি পরে হয় কিবা গতি বুণা সে দোষ আমায়;

চল এই দিকে দেখিবে সেখানে কিবা এ পুরী-মহিমা, কেন এত জন প্রবিশে পুরীতে ভাবিয়া এত গরিমা।"

আমি কহি, চল ওই দিকে যাই শুনি যেন কোলাহল.

নিরখিব কিবা কেন কোলাহল হয় পুরি সে অঞ্চল।

অনেক নিষেধ করিলা আমারে সে পথে যাইতে আশা:

তবু কোন ক্রমে সম্বরিতে নারি পরাণীর সে পিপাসা।

অনন্য-উপায় শেষে আশা মোরে লইয়া সে দিকে যায়;

নিকটে আসিয়া অতি ধীরে ধীরে প্রচ্ছন্ন ভাবে দাঁড়ায়।

দেখি সেইখানে তমু অস্থিসার প্রাণী এক বৃদ্ধ জরা;

শত গ্রন্থিময় বস্ত্র ধ্লিপূর্ণ মলিন বপুতে পরা;

ধ্লিপিশুবং খাগ্য কিছু হাতে,

কণা কণা করি তায় বাঁটিছে সকলে চারি দিকে প্রাণী

বাঁটিছে সকলে চারি দিকে প্রাণী ঘোর কোলাহলে ধায়;

কুধাৰ্ত্ত শাৰ্দ্দূল সদৃশ ছুটিছে যুবা বৃদ্ধ কত প্ৰাণী,

বিলম্ব না সয় বণ্টন করিতে কাড়ি লয় বেগে টানি;

ক্ষুধানলে জলে জঠর সবার কি করে অন্নের কণা,

পরস্পরে সবে করে কাড়াকাড়ি, নিবারে কুধা আপনা।

কড যে করুণ শুনি কুপ্প শ্বর কত খেদবাক্য হায়! শুনে স্থির-চিত্তে বারেক যে জন জনমে না ভূলে তায়। দেখিলাম আহা কভ শিশুমুখ বিশুক পুষ্পের মত, কত অহ্ধ খঞ্জ রমণী তুর্ববল চেয়ে আছে অবিরত: অঞ্জলে ভাসে গণ্ড বক্ষ:স্থল জনতা ভেদিতে চায়, নিকটে যে আসে অন্নকণা লৈয়ে লালচে নেহারে তায়। হায় কত জন অধীর কুধায় নির্ধি সেখানে ধায়. তুৰ্বল অবলা শিশু হস্ত হৈতে অন্ন কাড়ি লয়ে খায়। সে প্রাণিমগুলী কত যে অধৈর্য্য কত যে কাতরে আসে করিয়া চীৎকার মুহূর্ত্তে মুহূর্তে সেই বৃদ্ধ প্রাণী পাশে। অন্ন কণা কণা काँमिट काँमिट বর্ণ্টন করে সে প্রাণী, নিভ্য খিন্ন ভাব সদাই আক্ষেপে অতি কণ্টে কহে বাণী---কেন রে সকলে আ(ই)স এইখানে কোথা আর অন্ন পাব, বিধির বঞ্চনা! ভোদের লাগিয়া

বল আর কোথা যাব ; এ পুরী-ভিতরে নাহি হেন স্থান না করি যেথা ভ্রমণ ; নাহি হেন বৃত্তি চৌৰ্য্য কিম্বা ছল না করি যাহা ধারণ:

তবু নাহি ঘুচে কাঙ্গালের হাল কি কব কপাল ছুষ্ট;

কোথা পাব বল আহার তোদের বিধাতা আমারে রুষ্ট;

কেন এ পুরীতে করিস প্রবেশ ভূঞ্জিতে এ হেন ক্লেশ,

প্রাণিরক্সভূমি ধনীর আশ্রয়, নহে কান্সালের দেশ।

তাপিত অস্তরে কহিমু আশায় আর না দেখিতে চাই,

এ পুরী মহিমা গরিমা যতেক এখানে দেখিতে পাই,

দেও দেখাইয়া বাহিরিতে দ্বার পুনঃ যাই সেই স্থান;

আসি যেথা হৈতে, দেখিয়া এ সব অন্থির হয়েছে প্রাণ।

মধুর বচনে আশা কহে "কেন উতলা হইছ এত,

দেখাইব তোর বাসনা যেরূপ যেবা তব অভিপ্রেত ;

কর্মভূমি নাম শুন এ নগরী কর্মগুণে ফলে ফল,

বালমতি তুমি বুঝিত্ন তোমার অস্তুর অতি কোমল;

কঠিন ধাতৃতে নির্দ্মিত যে প্রাণী সেই বুঝে রঙ্গ এর ;

প্রাণিরঙ্গভূমে ভ্রমিতে আপনি বিরিঞ্চি ভাবেন ফের; চল এই দিকে তব মনোমত
পদার্থ দেখিতে পাবে,

এ পুরী-শ্রমণ কৌতুক-লহরী
তখন নাহি ফুরাবে।

এত কৈয়ে আশা চলে আগে আগে
সভয়ে পশ্চাতে যাই;
আসি কিছু দূর পুরী-মধ্যভাগে
অচল দেখিতে পাই।

## চতুর্থ কল্পনা

যশ:শৈল—নিরভাগে প্রাণিসমাগম—আরোহণ-প্রথা—ভির ভির শিখর দর্শন
—ভির ভির যশবী প্রাণিমগুলীর কীর্ত্তিকলাপ দর্শন—বাহ্মীকির সহিত সান্দাৎ।

নিকটে আসিয়া নিরখি স্থন্দর অপূর্ব্ব শিখর-শ্রেণী; শিখরে শিখরে কনক প্রদীপ যেন কিরণের বেণী। শৈল চারি দিকে তৃষিত নয়ন প্রাণী লক্ষ লক্ষ জন. কুস্থমে গ্রথিত মাল্য মনোহর শৃত্যে করে উৎক্ষেপণ; ঘন ঘন ঘন হয় জয়ধ্বনি ক্ষণেক নাহি বিশ্রাম. যেন উর্দ্মিরাশি জলরাশি-অক্সে গতি করে অবিরাম। প্রাণিবৃন্দ আসি একে একে সবে ক্রমে শৈলতলে যায়; চ্ড়াতে অলিছে মাণিকের দীপ সঘনে দেখিছে তায়।

সে অচলে হেরি ঘেরি চারি দিক্
প্রাণী আরোহণ করে:

আমৃল শিখর শৈল-অঙ্গে প্রাণী অপরূপ শোভা ধরে।

চলে ধীরে ধীরে শিরে শিরে শিরে অঙ্গে অঙ্গে পরশন,

অবিরত স্রোত প্রাণীর প্রবাহ কৌতুকে করি দর্শন ;

শিলাতে শিলাতে পদ রাখি ধীরে উঠিছে পরাণীগণ,

উঠিতে উঠিতে পড়ে কত জন শ্বলিত হৈয়ে চরণ;

বটফল যথা বৃক্ষ হ'তে সদা খসিয়া পড়ে ভূতলে;

এথা সেইরূপ প্রাণী নিত্য নিত্য খসিয়া পড়ে অচলে।

পড়িয়া উঠিতে কেহ নাহি পারে

কেহ বা আরোহে পুন: ; সে প্রাণী-প্রবাহ অবিচ্ছেদ গতি

কখন না হয় উন।

লৈয়ে নিজ্ঞ নিজ যে আছে সম্বল উঠিছে যতনে কত;

শিখরে শিখরে কনক-প্রদীপ নেহারে সুখে সতত।

উঠে প্রাণিগণ দীপ লক্ষ্য করি শীত প্রীম্ম নাহি জ্ঞান।

মন্ত্র করি সার দেহ ভাবি ছার পণ করি নিজ প্রাণ।

কাহার মস্তকে মণি-মুক্তারাশি উপাধি কাহার শিরে, কাহার সম্বল নিজ বৃদ্ধি বল অচলে উঠিছে ধীরে;

প্রান্থ রাশি লৈয়ে কোন জন কার করতলে তুলি,

কেহ বা ধরিছে যতনে কক্ষেতে কাব্যগ্রন্থ কতগুলি,

কেহ বা রূপের ডালা লৈয়ে শিরে চলেছে স্থরূপা নারী;

চলেছে গায়ক নাটক, বাদক, বীণা বেণু আদি ধারী।

উঠিতে বাসনা করে না অনেকে আসিয়া ফিরিয়া যায়,

নীচে হৈতে শৃত্যে ফেলি ফুল-মালা সেই অচলের গায়!

বহু জ্বন পুন: করিয়া প্রয়াস উঠিছে অচল-দেশে,

পাই বহু ক্লেশ ফিরিয়া আবার নামিয়া আসিছে শেষে !

জিজ্ঞাসি আশারে প্রাণিরক্ষভূমে কিবা হেরি এ অচল ;

আশা কহে "বংস, যশ:শৈল ইহা অতি মনোরম্য স্থল।"

বাড়িল কৌতুক উঠিতে শিখরে আনন্দে আগ্রহে যাই ;

আগে আগে আশা চলিল সম্মূখে অচলে পথ দেখাই।

উঠিতে উঠিতে শুনি শৃষ্ঠ পরে স্থমধুর ধ্বনি ঘন,

ষেন শত বীণা বাজিছে একজে মিলিত করিয়া তান,

শ্রবণে প্রবেশ করিলে তথনি পুলকিত করে প্রাণ।

শৃন্তে দৃষ্টি করি রোমাঞ্চ শরীর, বিশ্ময় ভাবিয়া চাই,

কিবা কোন যন্ত্র, কিবা বাছকর, কিছু না দেখিতে পাই।

হাসি কহে আশা "বৃথা আকিঞ্চন, দৃষ্টি না হইবে নেত্রে;

এ মধুর ধ্বনি নিভা এইরূপে নিনাদিত এই ক্ষেত্রে;

বীণা কি বাঁশরি কিম্বা কোন যন্ত্র নিঃস্তভ নহেক স্বর,

স্বতঃ বিনির্গত স্থললিভ সদা, ভ্রমে নিভ্য গিরি'পর

সদা মনোহর বায়ুতে বায়ুতে বেড়ায় ঝঙ্কার করি,

কমলের দল বেষ্টিয়া যেমন ভ্রমর ভ্রমে গুঞ্জরি।"

শুনিতে শুনিতে আশার বচন ক্রমশ অচলে উঠি,

যত উদ্ধে যাই তত স্থমধুর ধ্বনি ভ্রমে সেথা ছুটি।

ছাড়ি অধোদেশ উঠিমু যখন মধ্যভাগে গিরিকায়;

শরীর পরশি ধীরে ধীরে ধীরে বহিল মুছল বায়!

সে বায়ুতে মিশি স্থমধুর জাণ করিল আমোদময়;

যেন সে অচল স্থরভি-মধুর मिशस्य पृतिया तय । অঞ্চক্র জিনিয়া সে গন্ধ পুষ্পগদ্ধ যেন মৃছ; মরি কি মধুর মনোহর যেন দেবের বাঞ্চিত মধু! ভ্ৰমিছে সে গন্ধ ঘেরিয়া অচল প্রতি শিখরের চূড়ে; ছুটিছে পৰনে সে আণ নিয়ত কতই যোজন যুড়ে; নাহি হয় হ্রাস ক্রমে যত যাই ক্ৰমে বৃদ্ধি তত হয়. নাসারক্র যেন : ত্রাণ পূর্ণ করি প্রাণ করে মধুময়। সেই গন্ধে মজি শুনি সেই ধ্বনি ভ্রমি সে অচল'পরে; ভ্ৰমিতে ভ্ৰমিতে কত কি অস্তুত দেখি চক্ষে সুখভরে: নির্থি তাহার কোন বা শিখরে প্রাণী বসি কোন জন অসুর-অসাধ্য অসম্ভব ক্রিয়া নিমেষে করে সাধন; কোন গিরিচুড়ে বসি কোন প্রাণী মণিদণ্ড হেলাইছে, ক্ষণপ্রভা তার বশবর্তী হৈয়ে চরাচর ঘুরিতেছে; কোন বা শিখরে বসি কোন জন তোলে ভোগবতী-জল ;

কেহ বা করেতে আকর্ষণ করি ঘুরায় বিশ্বমণ্ডল; কেহ বা নক্ষত্ৰ, গ্ৰহ, ধৃমকেতু, ধরিয়া দেখায় পথ,

লক্ষ্য করি তাহা শৃত্য মার্গে উঠে

ভ্ৰমে সবে চক্ৰবং;

কেহ বা ভেদিয়া সুর্য্যের মণ্ডল আচ্ছাদন খুলে ফেলি

আনন্দে দেখিছে বাষ্প সরাইয়া নিবিড় বিহাত-কেলি;

কেহ শৃক্ম হৈতে পাড়ি চন্দ্র তারা করতলে রাখে ধরি,

পুন: ছাড়ি দেয় সর্ব্ব অঙ্গ তার সুখে নিরীক্ষণ করি;

দেখি কোন চূড়া উপরে বসিয়া স্থুদিব্য-মূরতি প্রাণী

তন্ত্রী বাজাইয়া মনের আনন্দে ঢালিছে মধুর বাণী;

কোন শৃঙ্গে হেরি প্রাণী কোন জন, মস্তকে কাঞ্চনময়

জ্বলিছে মুকুট, শিখর উপরে

হয় যেন সুর্য্যোদয়;

হেরি দিব্য মূর্ত্তি দিব্যাসনোপরে প্রাণী বৈসে কোথা সুখে,

ধক্ ধক্ করি হীরা-খণ্ড সদা প্রদীপ্ত হইছে বুকে;

স্থির শাস্ত ভাব হেরি কত ঋষি বসিয়া অচল-অঙ্গে

গ্রন্থ করে পাঠ যেন ধ্যান ধরি ভাসিছে ভাব-তরঙ্গে।

হেরি অপরূপ অচল-প্রকৃতি প্রাণিগণ যত উঠে,

ছাড়ি মধ্যদেশ স্থির হয় বেথা সেইখানে পদ্ম ফুটে; হয় শৃঙ্গনাদ তখনি শিখরে मम मिक् मस्म शृरत्र, অচল-শরীর কাঁপায়ে নিনাদ প্রবেশে অমরপুরে। প্রাণী সেই জন এবে দিব্য মূর্ত্তি বৈসে চারু পুষ্প'পর; উঠে অহা যত সে অচল-অঙ্গে পুজে তারে নিরম্ভর। স্তবকে স্তবকে সে ভূধর-অঙ্গে কত হেন পদাফুল উপরে উপরে দেখিলাম রঙ্গে কৌতৃকে হৈয়ে আকুল ! বিশ্বয়ে তথন জিজ্ঞাসি আশারে, আশা মৃত্ব ভাষে কয় "ত্যজে জীবলীলা প্রাণী যে এখানে এই ভাবে এথা রয় ; প্রাণিরঙ্গভূমে জানাতে বারতা হয় শৃত্যে শৃন্ধনাদ; শিখর-উপরে আ(ই)দে দেবগণ করিয়া কত আহলাদ। এই যে দেখিছ প্ৰাণী যত জন পদ্মাসনে আছে বসি, প্রলয়ে অক্ষয়, ধরার ভূষণ মানব-চিত্তের শশী; দেখ গিয়া কাছে তব পরিচিত প্রাণী এথা পাবে ক্ত, বদন হেরিয়া করিয়া আলাপ

পূর্ণ কর মনোরথ।"

একে একে আশা কাণে কহি নাম চলিল দেখায়ে রঙ্গে;

পুলকিত তমু দেখিতে দেখিতে চলিমু তাহার সঙ্গে।

ব্যাস, কালিদাস, ভারবি প্রভৃতি চরণ বন্দনা করি,

শঙ্কর আচার্য্য, খনা, লীলাবতী মূর্ত্তি হেরি চক্ষু ভরি;

উঠিছ সেখানে যেখানে বসিয়া বান্মীকি অমর-প্রায়

আনন্দে বাজায়ে স্থমধুর বীণা

• শ্রীরাম-চরিত গায়।

দেখিয়া আমারে অমর ব্রাহ্মণ দয়ার্ড-মানদ হৈয়ে;

দিল পদধূলি স্বদেশী জানিয়া আশু শিরভাণ লৈয়ে;

জিজ্ঞাসিল হরা অযোধ্যা-বারতা কেবা রাজ্য করে তায় ;

ভারতীর পুত্র কেবা আর্য্যভূমে তাঁহার বীণা বাজায় ;

কোন্ বীরভোগ্য। এবে আর্য্যভূমি, কোন্ ক্ষত্রী বলবান্

দৈত্য রক্ষ:কুল করিয়া দমন রক্ষা করে আর্য্যমান ;

কোন্ আর্যাস্থত যশ:-প্রভাগ্তণে স্বদেশ উজ্জলমুখ;

দ্বিতীয় জানকী হৈয়ে কোন্ নারী স্লিশ্ধ করে পতি-বুক;

কেবা রক্ষা করে বেদবিধি ধর্ম কোন্বুধ মহামতি ব্রাহ্মণ-কুলের তিলক-স্বরূপ সাধন করে উন্নতি;

কত এইরূপ জিজ্ঞাসে বারতা স্থধাইয়া বারস্বার;

কি দিব উত্তর ভাবিয়া না পাই চক্ষে বহে নীরধার।

হেরে অশ্রুধারা করুণ বাক্যেতে ঋষি অতি ব্যগ্রমন

আগ্রহে আবার অতি স্থতনে কৈলা মোরে সম্ভাষণ।

কহিন্ন তথন কি বলিব ঋষি কি দিব সম্বাদ তার—.

তোমার অযোধ্যা তোমার কোশল সে আর্য্য নাহিক আর ;

ভূবেছে এখন কলঙ্ক-সলিলে নিবিড় তমসা তায় ;

সে ধনু-নির্ঘোষ সে বীণা-ঝঙ্কার আর না কেহ শুনায়,

নিস্তেজ হয়েছে দিজ ক্ষতীকুল বেদ ধর্ম সর্ব্ব: গিয়া,

ভাসে পুণাভূমি অকৃল পাথারে পরমুখ নির্থিয়া;

সে বচন শুনি আর্য্য-ঋষিমুখ ধরিল যে কিবা ভাব,

কি যে ভয়ঙ্কর ধ্বনি চতুদ্দিকে আর্য্য-মুখে ঘন প্রাব,

ভাবিতে সে কথা এখন(ও) হৃদয় ভয়েতে কম্পিত হয়,

অন্তরে অন্ধিত রবে চির**দিন** বাণীতে প্রকাশ্য নয়! যত ছিল সেথা আৰ্য্যকুলোম্ভব महालांगी मरहापय,

ঘোর বজ্রাঘাতে একেবারে যেন

আকুলিত সমুদয়।

সে হু:খ দেখিয়া, দেখিয়া সে ভাবে আর্য্যস্থতে চিম্ভাকুল;

তুলিয়া দৰ্পণ আশা কহে "ইথে চাহি দেখ আর্য্যকুল;

দেখ রে দর্পণে ভবিষ্যতে পুন: ভারত কিরূপ বেশ;

দেখে একবার প্রাণের বেদনা ঘুচা রে মনের ক্লেশ।"

দেখিলাম চাহি যেন পূৰ্ব্বদিক্ জ্বলিছে কিরণময়,

ভারতমণ্ডল সে কিরণে যেন

প্রদাপ্ত হইয়া রয়: ভারত-জননী যেন পুনর্কার

বসিয়াছে সিংহাসনে;

ফুটিয়াছে যেন তেমনি আবার

পূৰ্ব্ব তেজ হাস্থাননে;

নব আৰ্য্যজাতি ঘেরিয়া তাঁহারে

कितौं क् खन जून

পরাইছে পুন: ভূষণ উজ্জ্বল ঝাড়িয়া কলঙ্ক-ধূলি;

নবীন পতাকা তুলিয়া গগনে ছুটেছে আবার দৃত

ভূবন-ভিতরে করি ঘন নাদ

বদনে প্রভা অন্তুত;

দিক্দশবাসী মানব-মগুলী আনি সপ্ত সিন্ধুজল

করে অভিবেক, বলে উচ্চ নাদে জাগ্রত আর্য্য-মণ্ডল ;

পশ্চিমে উত্তরে হয় ঘোর ধ্বনি আনন্দ-সঙ্গীত গায়;

উঠে সিন্ধ্বারি ভারত প্রক্ষাল আবার গজ্জিয়া ধায় ;

উঠে হিমালয় পুন: শৃহ্য ভেদি পুর্বের বিক্রম ধরি;

ছুটে পুনরায় জাহ্নবী যমুনা গভীর সলিলে ভরি;

আনন্দে আবার ভারত-সস্তান বীণা ধরে করতলে;

আবার আনন্দে বাজায়ে হৃন্দুভি বস্থন্ধরা-মাঝে চলে;

দেখে সে দর্পণে অপূর্ব্ব প্রতিমা হরষ-বাম্পেভে আঁখি

পুরিল অমনি ফুটিল বাসনা জনয়ে তুলিয়া রাখি;

দেখিতে দেখিতে সে দৰ্পণ-ছায়া আরোও উৰ্দ্ধভাগে যাই ;

স্তব্যে স্তব্যে যেন হেরি সে ভূধর উঠে শৃক্ষে যত চাই।

আশা কহে "বংস, কত দূর যাবে নাহি পাবে এর পার,

যত দূর যাবে তত দূর ক্রমে শৃঙ্গ পাবে অহ্য আর।"

আশার বচনে ক্যান্ত হৈয়ে ফিরি পুনঃ সে অচল-অঙ্গে ;

নামি কিছু দ্র নিরখি সেখানে স্কবিক্ষণে রক্তে। পদতলে তার দেখি মনোস্থাধ বসিয়া ভারত ছিজ। राष्ट्रांटेष्ट राँगी भ्रमुत स्वत्रत् ছড়াইয়া রস নিজ: ক্রমে ভূমিতলে অবতরি পুন: তবু যেন প্রাণ মন করে আকিঞ্চন গিরিতলে থাকে সুখে আরো কিছু ক্ষণ। যথা নীড় হৈতে করিয়া হরণ অরণ্যে পক্ষিশাবক দ্রুত বেগে গতি করে গৃহমূখে ত্রস্ত কোন বালক, তখন যেমন সেই পক্ষিশিশু **চায় ছः**श्चि नौष्शात्न, কাকলি করিয়া মৃহ আর্ত্ত খরে আকুলিত হয় প্রাণে; সেই ভাবে এবে ফিরিয়া ফিরিয়া অচল-শিখরে চাই: मुकूष छेकनि ष्यल दश्म-मीপ হেরিতে হেরিতে যাই।

## পঞ্চম কল্পনা

শ্বেহ, ভক্তি, বাৎসলা, প্রণয় প্রভৃতির নিবাসে প্রবেশ করিবার পূর্বে এই অঞ্চল অতিক্রম করিয়া যাইতে হয় —কর্দ্মক্ষেত্র এবং স্বেচাদি অঞ্চলের মধ্যবর্ত্তিনী নদী— তত্ত্বপরিস্থিত পরিণয় সেতু—তাহাতে প্রাণিগণের গতিবিধি।

> কর্মকেত্র এবে করি পরিহার, আশার সহিত পরে উপনীত হই আসি এক স্থানে নির্বিধ আনন্দভরে—

নব দুৰ্বাময় ভূমি স্বমতল বিস্তার বছল দূর, প্রান্তভাগে তার পড়েছে ঢলিয়া নীল নভঃ স্থমধ্র; তরুর শিখরে তক্ষণ তপন ঘন চিকিচিকি করে; শাখা বল্লী যেন ভান্থরশ্মি মাখি তুলিছে সুখের ভরে ; প্রফুল্ল ভাস্কর কিরণ প্রকাশি প্রফুল্ল করেছে বন; মৃহতর তাপ পরশি শরীর স্থিম করে অমুক্ষণ। হেমস্ত-প্রভাতে যেন স্থমধুর সুর্য্যের মৃত্ল ভাতি সুথে ভুঞ্জে লোক আলোকে বসিয়া কিরণে শরীর পাতি, এখা সেইরূপ পশু পক্ষী প্রাণী ভ্রমে স্থাথ নিরম্ভর অক্সেতে মাখিয়া স্নিগ্ধ নিরমল উজ্জ্বল ভানুর কর। চারি দিকে কত নেহারি সেখানে তুণমাঠ গোষ্ঠ'পরে নিজ নিজ বংস লৈয়ে গাভী মেষ নিরস্তর স্থা চরে: শস্ত নানা জাতি ক্ষিতি-শোভাকর বীজ পুষ্প ধরি কোলে কিরণে ডুবিয়া প্রথন-হিল্লোলে

হেলিয়া হেলিয়া দোলে।

নির্থি চৌদিকে কৌতুকে সেখানে শহ্যস্তম্ভ নতশির কাঞ্চনবরণ মঞ্জরী পরিয়া

ভূষণ যেন মহীর।

মনোহর চিত্র যেন সেই স্থান চিত্রিত ধরণী-বুকে;

কিরণে স্থন্দর চলে পথবাহী প্রাণী সেথা কত স্থায়।

চলি কত পথ ক্রমে এইরূপে আসি শেষে কত দূর

নিরখি সম্মুথে চমকিত চিত্ত স্মুসজ্জ গৃহ প্রচুর:

শোভে সৌধরাজি অভ্র-অঙ্গে যেন চিত্রিত স্থব্দর ছবি :

রঞ্জিত করিয়া তাহে যেন স্থথে কিরণ ঢালিছে রবি।

দেবালয় সব সেই সৌধরাজি স্থরচিত্ত-মনোহর,

স্তরে স্তরে স্থাবিমুক্ত শ্রেণী শোভিছে তটের 'পর।

চলিছে তরঙ্গ খনতর থেগে ভিত্তি প্রকালন করে,

উঠিছে পড়িছে আনর্ত্তে ঘুরিছে সুর্যাপ্রভা জটে ধরি;

ছল ছল ছল ছুটিছে ভটিনা কুল কুল কুল নাদ,

থর থর থর কাঁপিছে সলিল ঝর ঝর ঝরে বাঁধ,

ঘর্ ঘর্ ঘর্ ঘুরিছে আবর্ত কর্ কর্ কর্ ডাক ;

লপট ঝপট ঝাঁপিছে তরক থমক থমক থাক; নব জলধর সলিল-বরণ

কিরণ ফুটিছে তায়:

লুটিতে লুটিতে ছুটিতে ছুটিতে সৈকতে হিল্লোল ধায়:

ভটে দেবালয়, জলে চেউ-খেলা, রৌজ্র-খেলা তার সঙ্গে;

আনন্দে নির্থি নয়ন বিক্ষারি দেখি সে কতই রঙ্গে।

দেখি মনোহর নদীর উপর সেতৃ বিরচিত আছে,

যুগল যুগল পরাণী সেখানে দাড়ায়ে তাহার কাছে।

দেবালয় যত কত যে স্থুন্দর, অসাধ্য বর্ণন তার:

উচ্চে বেদধ্বনি প্রতি দেবালয়ে, শুনে স্থুখ দেবতার।

সদাশভাঘণী সুমঙ্গল ধ্বনি হয় মন্ত্র উচ্চারণ:

চন্দন-চচ্চিত কুস্থুমের আণে প্রফুল্লিত করে মন ;

স্তব স্তোত্র পাঠ জয় জয় নাদ সর্বত্র উঠে গম্ভীর ;

বিধাতার নাম ভক্ত-কণ্ঠ-স্রুত রোমাঞ্চ করে শরীর।

হয় নিত্য নিত্য গীত বাছ ধ্বনি কত মত মহোৎসব,

নিয়ত সেখানে ধ্বনিত কেবল সুখদ আনন্দ-রব।

সহাস্থ বদন প্রাণী কত জন প্রতি দেবালয়-দ্বারে পৃ**জি** অভিপ্ৰেত দেব নিজ নিজ উপনীত সেতৃ-ধারে।

সেতুমুখে প্রাণী দেখি কত জন ধান দূর্ব্বা লৈয়ে হাতে

আশীর্কাদ করি করিছে পরশ পথিকমগুলী-মাথে:

দিয়া দূৰ্বব। ধান ধরি করে করে হুই হুই সুখী প্রাণী

জনেক পুরুষ রমণী জনেক বন্ধ করে উভপাণি ;

বাঁধে গ্রন্থি দৃঢ় অঞ্চলে অঞ্চলে শুভ বিধি দৃষ্টি শুভ ;

খুলিয়া অঙ্গুরী পরায় অঙ্গুলে শুচি মনে উভে উভ;

অগ্নি সাক্ষা করি মাল্য করে দান কণ্ঠে কণ্ঠে এ উহার ;

করেছে প্রতিজ্ঞা উভয়ে আনন্দে সেতু হৈবে দোহে পার।

এইরূপে বাহু বাহুতে বান্ধিয়া প্রাণী দোহে দেতু'পর

উঠিছে আনন্দে প্রকম্পিত বৃক প্রক্ষুট স্থাথে অস্তর।

কত কেন রূপ নির্থি কৌ**তুকে** 

মনোস্থাথে নিরন্তর

উঠিছে দম্পতি হাসিতে হাসিতে বিচিত্র সেতুর 'পর।

আশা কহে "বংস, সম্মুখে তোমার দেখ যে স্থুন্দর সেতু,

আমার কাননে কৌশলে রচিড কেবল স্থথের হেতু; পরিণয়-সেতু নামে পরিচিত এ কানন-মাঝে ইহা;

আ(ই)সে ইথে লোক মিটাইতে শেষে
কানন-ভ্ৰমণ-স্পৃহা;

এই সেতু বাহি দম্পতি যে কেহ পারে হৈতে নদী পার,

এ কানন-মাঝে আছে যত স্থখ নিত্য প্রাপ্তি হয় তার।

দেখিছ যে অই নদী অস্থ্য পারে দিব্য উপবন যত.

প্রবেশিতে তায় আমার কৌশলে ভাছে মাত্র এই পথ ;

সদা গ্রীতিকর, সতত **স্থুন্দর,** অই সব উপবন.

পবিত্র নির্মাল অতি রম্য স্থল প্রাণীর শান্তি-কানন:

বিচিত্র গঠন অপূর্ব্ব কৌ**শলে** সেতু বিরাচত এই,

সেই হয় পার নিগৃঢ় সন্ধান বুঝেছে ইহার ফেই।"

এত কৈয়ে আশা আমারে লইয়া সেতু কৈলা আরোহণ;

সেতুমুখে স্থা নবীন আনন্দে কৌতুকে করি গমন।

ছই ধারে দেখি রঞ্জিত বসন ভূষিত স্থন্দর সেতু;

বসস্ত-বায়ুতে স্তুস্তেস্ত ভাহে উড়ে শ্বেত পীত কেতু;

গ্রথিত স্থন্দর বন্ধনে বিবিধ সজ্জিত কেতনকুলে স্তম্ভ মাঝে মাঝে নবীন পল্লব মঞ্জরী সহিত ত্লে।

বহিছে মৃত্ল পবন, পড়িছে শীতল ছায়া;

মধুপ্রিয় পাখী বসিয়া পল্লবে কিরণে ঝাড়িছে কায়া;

উঠে চারু বাস বায়ু আমোদিয়া ঢলিতে ঢলিতে যায়;

চলে প্রাণিগণ মুগ্ধ নব রদে বায়ু, গদ্ধে স্বিগ্ধকায়।

সেতুমুখে হেন যাই কত দূর, পাই পরে মধ্য স্থান ;

ঘোর রৌজভাপ সেথা খরত**র,** উত্তাপে আকুল প্রাণ।

উত্তপ্ত বালুকা প্রচণ্ড কিরণে করে দগ্ধ পদতল;

শুষ্ক কণ্ঠভালু আকু**ল তৃষ্ণায়** প্রাণিগণ চাহে জল।

নীচে ভয়ন্ধর বহে বেগবতী শ্রোভস্বতী কোলাহলে,

ঘন ঘূণিপাক ভীষণ গৰ্জন তীব্ৰতর বেগে চলে

মাঝে মাঝে স্কম্পানে যেন সেতু করে টল টল:

ঘন হুহু কাটি প্রবল।

অস্থির চরণ প্রাণী কত এবে মুখে প্রকাশিত ভয়,

চঞ্চল নয়ন, অস্থির শরীর, চলে কস্টে সেতুময়। যথা যবে ঝড়ে উৎপীড়িত বন, যতেক বিহঙ্গচয়

ছিন্ন ভিন্ন দেহ ক্লফ শুক্ষ পাখা অস্থির শরীর হয়,

আকুল নয়ন চাহে চতুদ্দিক্
চঞ্পুট ভয়ে জড়,

শৃষ্ঠ কলরব ঘন ত**রুশাখা** নথে নথে ধরে দড়,

কত পড়ে তলে ভগ্ন শাখা সহ ভগ্ন পাখা, ভগ্ন পদ,

পড়ে পুন: কত হৈয়ে গত-জীব চঞ্বিদ্ধ করি ছদ:

শত শত প্রাণী এথা সেই ভাবে সেতু হৈতে পড়ে জলে—

সেতু-কম্পে কেহ, কেহ পিপাসায়, কেহ ঝটিকার বলে।

পড়ে একবার না পারে উঠিতে বিষম তরঙ্গে ভাসে,

কত জন হেন, পুনঃ কত জন তলগামী হয় আসে।

কদাচ কখন ভাসিতে ভাসিঙে কেহ আসি লভে কুল,

কপালে যাদের ঘটে এ ঘটন দৈব সে ভাহার মূল।

কতই পরাণী, নিরাথ চমকি, ভাসিছে নদীর জলে,

সেতৃমুখন্থিত প্রাণিগণ সবে দেখে তাহে কুতৃহলে;

কেহ ভাসে একা কেহ যা যুগল
নদীর আবর্তে ঘুরে;

ভাসে নদীময় প্রাণী স্ত্রী পুরুষ হ'কুল আক্ষেপে পূরে।

আসি কত জন তটের নিকটে ক্ষণে বাড়াইছে হাত,

বালিমুঠি ধরি পুনঃ ঘূর্ণিজলে ঘুরে পড়ে অকস্মাৎ।

ভাসে এইরপে প্রাণী কত জন সেতু হৈতে পড়ি নারে.

চলে অন্ত প্রাণী সেতৃর উপরে দেখিতে দেখিতে ধীরে।

দেখিয়া হ্যথেতে ভাবিতে ভাবিতে আরো কত দুর যাই,

ছাড়ি মধ্য ভাগ ক্রমশঃ আসিয়া সেতু-প্রান্ত শেষে পাই।

এখানে নির্রথ অতি মনোহর আবার শীতল ছায়া

পড়েছে সেতৃতে, পরশি তথনি শীতল হইল কায়া;

পড়িছে যে এত প্রাণী নদীজলে তবু হেরি সেই স্থানে

লক্ষ লক জন চলেছে আনন্দে সদা প্রফুল্লিত প্রাণে:

চলে চিত্তস্থে সদাতৃপ্ত মন অক্ষুণ্ণ শাস্ত প্ৰদয়;

মধুমক্ষি সম সে বনে ভাহার। করয়ে মধু সঞ্জয়।

কেন যে বিধাতা সবার ভাগ্যেতে এ ফল নাহিক দিল!

কেন এত জনে বিমুখ হইয়া বিপাক-স্রোতে ফেলিল! কেন বা যে হেন সৈতুর নির্ম্মাণ রচিত এত কৌশলে! কেন এত প্রাণী উঠিয়া সেতুতে মগ্ন হয় পুন: জলে! এইরূপ চিস্তা ধরি চিতে নানা আশার সহিত যাই; সেতু হৈয়ে পার প্রাণী-শান্তিবন হাসিছে দেখিতে পাই।

### ষষ্ঠ কল্পনা

প্রণয়োন্তান—তাহাতে ভ্রমণ—অপূর্ব তক্ত-পূস্প দর্শন—সতী-নিঝর—প্রণয়ের মৃর্তি—
তাহার সহিত সাক্ষাৎ ও আলাপ।

যথা যবে ঋতু সরস বসস্ত প্রবেশে ধরণী-মাঝে, শোভে তরু লতা ধরি চারু বেশ নবীন পল্লব সাজে : ঝরে ধীরে ধারে পত্র পুরাতন

ছাড়িয়া বিটপি-অঙ্গ:

চারু কিসলয় প্রকাশিত ধারে পাইয়া মলয় সঙ্গ;

নব চারু মৃত্র কিসলয় যত হরিত বরণ মাথা,

পরিয়া স্থলর মঞ্জরী মধুর বিকাশে তরুর শাখা;

সে বসস্ত কালে যথা অপরূপ আনন্দ উথলে মনে,

স্থাদয়ে অব্যক্ত স্থাধের প্রবাহ প্রকাশ্য নহে বচনে : এখানে প্রবৈশি তেমতি আনন্দ উপজে হাদয়ময়;

শীতস্নিশ্ব রস যেন সে এখানে বায়ুতে মিশ্রিত রয়;

উত্থান রচিত দেখি চারি দিকে প্রকাশিত চারু ছবি,

স্তবকে স্তবকে সাজিছে স্থন্দর বিবিধ শোভা প্রসবি ;

অতি মনোহর উত্থান সে সব পার্শ্বে পার্শ্বে অবস্থিতি,

অঙ্গে অঙ্গে মিশি, মধুচক্রে যেন অপূর্ব্ব বিক্যাস-রীতি;

প্রবেশের মুখ পৃথক্ সকলে তথাপি মিলিত সব ;

প্রতি উপবনে নব নব ছাণ সদা হয় অনুভব।

আশা কহে "বংস, আমার কাননে স্থির শাস্ত এই দেশ,

ভ্রমিলে এখানে কিছু কাল স্থথে ভুলিবে পথের ক্লেশ।

দেখ ভিন্ন ভিন্ন যত উপবন ভিন্ন ভিন্ন স্নেহ-স্থান;

সোহার্দ্দ প্রণয় প্রভৃতি যে রস সদা স্নিগ্ধ করে প্রাণ।

উচ্চ কোলাহল কটু তিক্ত স্বর না পাবে শুনিতে এথা,

ধীরে ধীরে গতি, ধীর মিষ্ট ভাষা, এখানে প্রাণীর প্রথা:

সবে সত্যবাদী, সবে সংযুভাব, পরিষক্ষ প্রাণে প্রাণে ;

এখানে প্রাণীরা দ্বেষ হিংসা ছল কেহ কভু নাহি জ্বানে। এখানে নাহিক ষড় ঋতু ভেদ, সমভাবে সুর্য্যোদয়, আমার কাননে স্নেহময় প্রাণী এই স্থানে তারা রয়।" এত কৈয়ে আশা প্রণয়-কাননে হাসিয়া করে প্রবেশ, অতুল আনন্দে মাতিল হৃদয় হেরিয়া মধুর দেশ। লতা-গৃহ সেথা হেরি চারি ধারে, অপূর্ব্ব কিরণময়, অমরাবভীতে ঘন দেব-গৃহ তারকাভূষিত রয়। পুষ্পময় পথ, মৃত্তিকা পরশ নাহি হয় পদতলে; ভরু হৈতে স্বতঃ চারু সুকুমার পুষ্প পড়ে বৃষ্টি-ছলে। প্রতি গৃহদারে স্থথে চক্রবাক চকোর ভ্রমণ করে; বায়ুর হিল্লোলে নিরবধি যেন স্থাধারা সেথা ঝরে। শোভে তরুরাজি সে প্রদেশময় ধরে অপরপ ফুল, অপুর্ব্ব প্রকৃতি অবনী-ভিতরে নাহিক তাহার তুল; যত ক্ষণ থাকে শাখার উপরে শোভামাত্র দৃষ্টি তার, মধুর সৌরভ বহে সে কুস্থমে

গাঁথিলে হৃদয়ে হার;

আপনি গ্রন্থিত ় হয় সে কুন্মম বৃস্থে বৃস্থে স্বতঃ যুড়ে ;

কিন্তু পুন: আর নাহি যুগা হয় বারেক যত্তপি তুড়ে।

প্রতি ক্ষণে ধরে নব নব ভাব নবীন মাধুরী তায়;

নেহারি আনন্দে প্রতি ক্ষণে ক্ষণে নৃতন পত্র ছড়ায়;

প্রতি ক্ষণে তাহে নবীন সৌরতে নবীন পরাগ উঠে,

আসিলে নিকটে আপনা হইতে তক্ন ছাড়ি হূদে লুটে।

কত তরু হেন নিরখি সেখানে শ্রেণীবদ্ধ দলে দলে ;

ভ্রমে সুথে কত যুগল পরাণী নিয়ত তাহার তলে ;

ক্রতল পাতি তরুতলে যায়, সেই মনোহর ফুল

পড়ে কত তায়, পরাণী সক**লে** আনন্দে হয় আকুল;

পাতিয়া অঞ্চল দাড়ায় ত্জনে

গিয়া কোন তরুমূলে,
মুহুর্ত ভিতরে পরিপূর্ণ তাহা

হয় মনোমত ফুলে।

প্রতি তরুতলে অমে তুই প্রাণী তরু বৃষ্টি করে ফুল;

যেন বা আনন্দ হেরিয়া তাদের আনন্দিত তরুকুল।

যথা সে পবিত্র কথের আশ্রমে হেরে শকুস্তলা-সুখ ; শাখা নত করি . পুষ্প ছড়াইল ফুল তরু ফুল্ল-মুখ ;

সেইরূপ হেরি প্রণয়ী **যখন** আসে এথা তরুতলে,

তরু নতশিরে করে আশীর্বাদ বরষি কুসুমদলে।

সে ফুলের মালা পরিয়া গলায় প্রণয়-প্রফুল্ল প্রাণ

হেরি কত প্রাণী ভ্রমিছে সেখানে লভিয়া কুসুম-ভ্রাণ ;—

চাঁপা ফুল হেন বরণের শোভা, সুন্দর নলিন-আঁখি

চলে কত রামা, বল্লভের দেহে সুথে বাহুলতা রাথি;

কোন সে যুবক চলে মন:সুখে বাঁধি নিজ ভুজপাশে

কমল-কোরক সদৃশ ভরুণী অর্দ্ধস্টু মৃত্ হাসে;

চলেছে সোহাগে কোন বা স্থলরী ফুল বিকশিত ছবি,

লোহিত স্থন্দর গণ্ডে প্রস্ফুটিত গুলাব-রঞ্জিত রবি ;

আহা কোন রামা স্মিতচারুমুখী প্রণয়ীর বাছমূলে

চন্দ্রকর-মাথা শেফালিকা যেন চলেছে গুঠন খুলে;

কাহার বদনে ফুটিয়া পড়িছে মধুর মৃত্ল হাস,

সহকারে-কোলে সরস মঞ্জরী বসস্থে যেন প্রকাশ; চলেছে মৃগেন্দ্রে জিনিয়া কটিতে কোন রামা মনঃস্থাং,

পূর্ণ যোল কলা যৌবনে প্রকাশ,
আড়ে হেরে প্রিয়মুখে:

প্রিয় চারু করে রাখি নিজ কর প্রফুল্ল উৎপল যেন

চলেছে চঞ্চল পক্ষজ-নয়না আহা, কত রামা হেন;

নীলপদ্ম যেন ভ্রমে কত নারী মধুর মাধুরী ধরি,

স্থানী মহিল। প্রিয়-অঙ্গে অঙ্গ স্থাথে সুমিলন করি।

দেখি স্থানে স্থানে কৌতুকে সেখানে কত উৎস মনোহর,

স্থার সঙ্কাশ সলিল ছড়ায়ে পড়িছে সহস্র ঝর;

পাড়িছে নিঝার মরি রে তেমতি চারি ধারে ধীরে ধীরে,

পুরাণে লিখন জাহ্নবী যেমন জটায় শিবের শিরে।

কোথা সে ভূতলে ভূপতি-ভবনে খেতশিলা-বিরচিত,

ক্রীড়া-উৎস সব মহিষী মোহন মাণিক্য-স্বর্ণ-মণ্ডিত!

উঠিছে নিঝ্র সে কাননময় নিভা ক্ষিভিতল ফুটে,

শত ধারা হ'য়ে ভাঙ্গিয়া ভাঙ্গিয়া পুষ্প যেন পড়ে ফুটে;

নীল কৃষ্ণ শ্বেত আদি বর্ণ যত নিন্দিত করি শোভায়

প্রতি ধারা অঙ্গে কড রঙ্গে ভাছে অপূৰ্ব্ব বৰ্ণ ছড়ায়। ঝরিছে নির্বার ধারা হেন কড প্রণয়-অচল-অঙ্গে, দেখিলে নয়ন ফিরিভে না চায় त्निशाल जुलिया तर्ज । ফুটে কত ফুল ঘেরি উৎস সব অমর-নন্দন-ভাতি : নন্দনে তেমন বুঝি বা স্থুন্দর নাহি পুষ্প হেন জাতি। অতুল সৌন্দর্য্য সে সব কুন্থমে নাহি কভু বৃদ্ধি হ্রাস ; নিরবধি শোভা ফুটে সম ভাবে নিরবধি ছুটে বাস। অতি শৃক্তগামী চকোর প্রভৃতি স্বৰ্গীয় বিহঙ্গ যত, মৃত্ব কলস্বরে ধারা ধারে ধারে সুখে ভ্রমে অবিরত। হেরি কত প্রাণী আসি উৎস-পাশে ধারাজলে করে স্নান: নিমেষ ভিতরে নির্মাল শরীর धरत युधा-मम खान। হেরি কত পুন: পরাণী বিশ্বয়ে পরশনে সেই বারি, পাষাণ হইয়া হারায় সন্ধিৎ চলিতে চিস্তিতে নারি। কত যে পুরুষ হের হেন ভাব

নির্বার নির্বার পাশে:

কভ সে রমণী পাষাণ-মূরভি চক্ষুজ্ঞলে সদা ভাসে। চিন্তিয়া না পাই কারণ তাহার, আশারে জিজ্ঞাসা করি,

কেন সে প্রাণীরা সলিল-পরশে থাকে হেন ভাব ধরি!

হাসি কহে আশা "শুন রে বালক, অতি শুচি এই জল,

পবিত্র-মানস প্রাণী যেই জন পরশি হয় শীতল:

অপবিত্র-দেহ অপবিত্র-প্রাণ যে ইহা পরশ করে,

তথনি সে জন সলিল-মাহাত্ম্যে পাষাণ-মূরতি ধরে;

কাঁদে চিরকাল এই ভাবে সদা চলং-শক্তিহীন্,

অমুভাপ হেরে অন্ত প্রাণী যত শিক্ষ হয় অমুদিন:

সতী-ঝর নামে এ সব নির্মর স্থপবিত্র বারি অভি,

পরশে যে নারী সলিল ইহার লভে যশঃ নাম সতী:

পুরুষ যে জন কবে ইথে স্নান জিতেন্দ্রিয় নাম তার,

ধরাধামে থাকি লভে স্বর্গস্থ আনন্দ লভে অপার।

কঠোর সাধনা প্রণয়ে যাহার পবিত্র নিশ্বল মন,

পরচিস্তা চিতে জনমে যে প্রাণী করে নাই কোন ক্ষণ,

সেই নারী নর পরশে এ বারি, অস্তো না ছুঁইতে পারে; হেমচক্র-গ্রন্থাবলী

অস্তে যে পরশে অপবিত্র মনে
অই দশা ঘটে তারে।"
নিরখি নির্বর নিকটে সে সব
অমে প্রাণী এক জন,
মধুময় হাসি, মধুর মাধুরী
অঙ্গেতে করে ধারণ;
অতি মুললিত আকৃতি তাহার
দেহকান্তি নিরুপম,
মুখে দিব্য ছটা অধরে সভত
মূহ হাসি সুধা-সম;
গলে প্রস্কৃতিত প্রীতিকর দাম
গ্রথিত অপুর্ব্ব ফুলে;
স্বত:-নিনাদিত মধুর বাদিত্র
লম্বিত বাহুর মূলে;

স্থা করি গান ভামে ঝরে ঝরে সরল স্থমিষ্ট ভাষে ;

বিমল বদনে নিরমল জ্যোতি সূর্য্য-আভা পরকাশে।

নির্বার-বিলাসী প্রাণিগণ ভারে কভ সমাদর করে;

বসায়ে নিকটে আনন্দে বিহুবল শুনে গীত প্রেমভরে।

হেরি কত ক্ষণ জিজ্ঞাসি আশারে কেবা সে অপূর্ব্ব জন,

তুষি এ সবারে নির্করে নির্করে এক্সপে করে ভ্রমণ ?

আশা কহে হাসি "এই যে পরাণী দেখিতে হেন স্থঠাম,

প্রণয়-কাননে চিরদিন বাস, সস্তোষ ইহার নাম।" সে যুবা-প্রসঙ্গে করি আলাপন আশার সহ উল্লাসে,

চলিতে চলিতে আঁসি কিছু দ্র এক লতাগৃহ-পাশে:

হেরি তার মাঝে প্রাণী এক জন
অক্ত জন পাশে বসি:

মেঘের আড়ালে উদয় যেমন পূর্ণকলা চারু শশী!

বসি তার কাছে সতৃষ্ণ নয়ন চাহিয়া বদন তার,

কতই শুশ্রুষা কতই যতন করে হেরি অনিবার।

নির্বাণ-উন্মুখ প্রদীপ যেমন ক্ষণে স্নিগ্ধ ক্ষণে জলে,

প্রাণী সেই জন বিকাশে তেমতি কিরণ মুখমগুলে।

নাহি অক্ত আশা নাহি অক্ত তৃষা কেবল বদনে চায়;

স্থ্য-অংশু-রেথা পড়ে যদি তাহে, কেশজালে ঢাকে তায়।

নিম্পন্দ শরীর যেন সে অসাড় হৃদয় ছাড়িয়া প্রাণ

আসিয়া যেমন নিবিড় হইয়া নয়নে পেয়েছে স্থান।

মলিন বদন প্রাণী অন্য জন দেখাইছে বিভীষিকা

কত যে প্রকার নিমেষে নিমেষে বর্ণেতে অসাধ্য লিখা;

কখন বা বেগে কণ্ঠে চাপি কর করিছে নিশ্বাস রোধ;

কখন বা নখে ছি"ড়ি ওষ্ঠাধর উঠিছে করিয়া ক্রোধ; কখন মাটিতে ভাঙ্গিছে ললাট, রুধির করিছে পাত, কভু সর্ব্ব অঞ্চে ধূলি ছড়াইয়া বক্ষে করে করাঘাত; কখন গর্জন করিছে বিকট, **पर्छ पर्छ चत्र्य**न, কখন পড়িছে ধরাতল'পরে সংজ্ঞাহীন বিচেতন; প্রাণী অন্থ জন নিকটে যে তার, কতই যতনে, হায়, সেবিছে তাহায় করিছে শুশ্রুষা ঘুচাইতে সে মূর্চ্ছায়। কভু ধীরে ধীরে করশাখা খুলে मार्ज्जिष्ट श्रुपयदान ; কভু করতল কভু পদতালু কভু ঘর্ষে ধীরে কেশ; কখন তুলিছে স্থান্য-উপরে অবসন্ন বাহুলতা; কভু স্নেহপূর্ণ বলিছে শ্রবণে পীযুষ-পূরিত কথা; কখন আনিয়া বারি সুশীতল वहरन करत निक्षन; কখন তুলিয়া মৃত্ল স্থান্ধ নাসাত্রে করে ধারণ; আবার যথন চেতন পাইয়া হয় সে উন্মাদ-প্রায়,

মধুর মধুর বীণাবাত করি স্লিগ্ধ করে পুনঃ তায়। হেরে সে প্রাণীরে কভ যে আহলাদ হৃদয়ে হইল মম!

বাসনা ফুটিল যেন নিরবধি হেরি মুখ নিরুপম।

দেখেছি অনেক প্রণয়ী পরাণী হেরে পরস্পর মুখ,

নয়ন-হিল্লোলে ভাসি এ উহার পিয়ে স্থাসম স্থ্

বসি নিরজনে করে আলাপন স্থমধুর স্বর মুখে,

প্রেমানন্দে ভোর হইয়া ছ জনে হেরে নিরস্তর স্থাখে;

কপোতী যেমন কপোতের মুখে মুখ দিয়া স্থখে চায়,

মৃত্ কলংবনি মধুর কৃজন

কুহরে ঘন গলায়— দেখে পরস্পরে দোহে মনঃসুখে

লভিয়া প্রণয়-স্থাণ;

আনন্দ-পুলকে পুলকিত তয়, স্থাথ পুলকিত প্রাণ ;—

দেখেছি অনেক সেইরূপ ভাব প্রণয় প্রকাশ, হায়,

প্রণয়ী জনের প্রেমের অনলে বদন বহ্নির প্রায়;

কিন্তু কভু হেন বিশুদ্ধ প্রণয়, নির্মাল স্নেহের ক্ষীর

নাহি দেখি চক্ষে মানব-শরীরে প্রগাঢ় হেন গভীর।

কডই উংস্থক অন্তরে তখন হেরি সে প্রাণিবদন ; নব জলধর নিরখে যেমন চাতক উৎস্থক মন:

অথবা যেমন ধনাত্য-আগারে ছঃখী হেরে ধনরাশি ;

স্থথে নিরম্ভর নিরখি তেমতি আনন্দ-বাম্পেতে ভাসি।

পাইয়া স্থযোগ গিয়া কাছে তার বিনয়ে জিজ্ঞাসা করি.

কিরূপে এরূপে থাকে সে সেখানে এক ধ্যান চিত্তে ধরি,

কি স্থথে উন্মাদে লৈয়ে করে সেবা, সহে নিত্য এত ক্লেশ,

কেন সে মগুপে জাগ্ৰত সতত থাকিতে এতেক দেশ।

সম্বন্ধ বীণাতে পড়িলে যেমন সহসা কাহার কর,

আপনা হইতে উঠে সে বাজিয়। নিঃসারি মধুর স্বর ;

সেইরূপ ভাব কহে সেই জন জ্যোৎস্না যেন মুখে ফুটে,

কি স্থ-সম্ভোগ করে সে সতত কি আনন্দ প্রাণে উঠে;

কহে সে "কেমনে বুঝাব ভোমায় কিবা যে আনন্দে থাকি,

এ লতা-মণ্ডপে বসিয়া ইহাঁরে কেন এ যতনে রাখি:

প্রণয়ী যে নয় কেমনে বৃঝিবে প্রণয়ের কিবা প্রথা;

মক্ল কি জানিবে স্রোতধারা কিবা মধুময় তক্ষপতা! বসি এইখানে ছ্যুলোক ভূবন, বৈকুণ্ঠ দেখিতে পাই;

জন্সনিধি মেঘ বায়ু ব্যোম ধরা সকলি ভূলিয়া যাই!

ভাবি যেন মনে আসি স্থরবালা আনিয়া স্বর্গের রথ

ঘেরিয়া আমারে লইয়া বিমানে চলে বহি শৃন্য-পথ,

প্রবৈশি স্বরগে নিরখি সেখানে নন্দনবনের ফুল,

শুনি দেবধানি হেরি মনঃস্থাথ মন্দাকিনী-নদীকূল;

দেববৃন্দ দেখা দেখায় আমারে আনন্দে অমরালয়;

তারা শশধর অমৃত-ভাতার,

স্থ্র-স্থুখ সমুদ্য় ! কেমনে বুঝাব সে স্থুখ ভোমারে

কেমনে বুঝাব সে স্থ<sup>খ</sup> ভোমারে বাণীতে বর্ণিব কিবা—

দিবাকর-জ্যোতি জ্যোতি যে কিরূপ তাহা সে প্রকাশে দিবা !"

যথা ত্তাশন প্রশে যেমন যথন গৃহের ছদ;

প্রথমে প্রকাশ ধৃম অনর্গল শেষে অনলের হ্রদ।

বলিতে বলিতে সেইরূপ তার বদন পুরে ছটায়,

নেত্রে বাষ্পধ্ম নিমেষে শরীর প্রদীপ্ত বহ্নির প্রায়।

পরে পুনরায় সেই প্রাণী-পাশে এক চিস্তা এক ধ্যান ধরিয়া আবার প্রাণী সেই জন পুনঃ কৈলা অধিষ্ঠান।

নিদাঘ-তাপিত বিহগ যেমন পাইলে বরষা-জল,

সুখে ধৌত করে আর্দ্র-পক্ষ-ক্লেদ, স্নানে হয় স্থশীতল;

শুনে বাণী তার তেমতি শীতল পরাণ হইল মম;

হেরি বার বার ফিরে ফিরে চাহি সেই মুখ সুধা-সম।

অতৃপ্ত নয়নে হেরি কত বার, ভাবি কত মনে মনে—

ভাবি নিরমল মাধুরী তেমন বুঝি নাই ত্রিভুবনে।

বিশ্বয় ভাবিয়া চাহি আশামুখ, আশা বুঝি অভিলাৰ,

কহিলা তখন আনন্দে হাসিয়া বদনে মধুর ভাষ:

"এই যে পরাণী এ কাননে মম হেন স্থুখী নির্মল

প্রণয় নামেতে ভুবন-বিখ্যাত, নিত্য সেবে ভূমগুল।

শুনি আশাবাণী রোমাঞ্চ শরীর আকুল হইয়া চাই ;

প্রাণের হুতাশে প্রণয় ভাবিয়া বিধিরে শ্বরিয়া যাই।

### সপ্তম কল্পনা

ক্ষেহ-উপবন-মাভ্নেহ-সাস্থনা-মন্দির -বারদেশে আন্তির সহিত সাক্ষাৎ।

আশার আশাদে চলিত্ব পশ্চাতে প্রণয়-অঞ্চল মাঝে;

আসি কিছু দ্র দিব্য বাপী এক সম্মুখে হেরি বিরাজে।

মনোহর বাপী গভীর স্থন্দর থই থই করে জল ;

স্থির শাস্ত নীর স্থগন্ধি রুচির অতি স্বচ্ছ নিরমল।

দাঁড়াইলে তীরে অপূর্ব্ব সৌরভ পরাণ করে শীতল ;

হেন জ্রান্তি হয় মনে নাহি মানে আছি যেন ধরাতল ;

সলিল তেমন কভূ ক্ষিতিতলে চক্ষে না দেখিতে আসে,

সুধা দেখি নাই জানিয়াছি শুধু ঋষির বাক্য-আভাদে;

না জানি সে বারি সুধা কিনা সেই আশা-বনে পরকাশ,

এমন নির্মাল এমন স্থরভি এমনি স্থচাক ভাস!

বাপী-চারিধারে প্রাণী লক্ষ লক্ষ দাড়ায়ে গাঢ় ভকতি;

করে নিরীক্ষণ নির্মাল সলিল সতত প্রসন্ন-মতি।

দাঁড়ায়ে তটেতে হাতে হেম-পাত্র অপরূপ এক নারী; আইসে যত প্রাণী সতত সকলে বিতরণ করে বারি ;

কিবা মৃর্ত্তি তার কি মাধুরী মৃথে কিবা সে অধরে হাস!

বিধাতা যেমন জগতের স্থ্ একত্রে কৈলা প্রকাশ!

কুস্থম-পরাগে করিয়া গঠন অমৃত লেপন করি

বিধি যেন সেই নিরুপম দেহ
গঠিলা হৃদয়ে ধরি:

সদা হাস্তময়ী সদা বারি দান করেন স্থবর্ণ-পাত্রে;

কোটি কোটি জীব আ(ই)দে অরুক্ষণ সতৃপ্ত পরশ মাত্রে।

পিপাসা-আতুর চাহি আশা-মুখ কভই আনন্দ মনে,

আশা কহে "বংস, মাতৃস্নেহভূমি ইহাই আমার বনে।

হেন পুণ্য-ভূমি পাবে না দেখিতে খুঁজিলে অবনীতল;

হুদ পরিপূর্ণ নেহার সম্মুখে কিবা স্থমধুর জল।

ব্রহ্মাণ্ডের জীব নিত্য করে পান কণামাত্র নহে ক্ষয় ;

চারি যুগ ইহা আছে সমভাবে এইরূপে পূর্ণপয়।

এই দিব্য বাপী এ কানন-সার মাতার স্নেহের হ্রদ;

স্থা হৈতে মিষ্ট সলিল ইহার বিনাশে সর্ব্ব বিপদ; কেহ কোন কালে এ স্থা-সলিলে বঞ্চিত নহে অতাপি :

চিরকাল ইহা আছে এইরূপ অগাধ অক্ষয় বাপী।

অই যে দেখিছ মাধুরীর রাশি নারী-রূপ-নিরুপমা,

দেবীমূর্ত্তি ধরি জননীর স্নেহ প্রকাশে হের স্থ্যমা ;

প্রকাশি এখানে বিতরে সলিল রাখিতে প্রাণীর কুল ;

জগত-ভিতরে এই স্থা-নীর, এ মূর্ত্তি নিত্য, অতুল।"

হেরি কত ক্ষণ হেরি প্রাণ ভরি কত বার ফিরি চাই!

কত যে আনন্দ উথলে স্থদয়ে অবধি তাহার নাই!

ধ্যান ধরি হেরি, হেরি চক্ষু মেলি ভুলি যেন ভূমগুল,

হাতে যেন পাই হেরি যত বার পবিত্র ত্রিদশ-স্থল।

চাহিয়া আবার হেরি বাপীতটে চাক্ল ইন্দ্রধন্ম উঠে;

বাঁকিয়া পড়েছে ধরণী-শরীরে শিশুগণ ধায় ছুটে;

ধরি ধরি করি ধায় শিশুগণ ইন্দ্রধন্ম ধায় আগে;

সরিয়া সরিয়া নানা বর্ণ আভা প্রকাশিয়া পুরোভাগে ;

ধরেছে ভাবিয়া, কেহ বা খুলিয়া নিজ করতলে চায়,

সেই ইন্দ্রধন্ন আছে সেইখানে দূরেতে দেখিতে পায়। হাসি নাহি ধরে মধুর অধরে লুটাইয়া পড়ে ভূমে; হাত বাড়াইয়া উঠিয়া আবার ধরিতে ধাইছে ধূমে! কোন শিশু ধেয়ে ধরে ধন্থ-অঙ্গ অমনি মিলায়ে যায়; আবার ফুটিয়া নৃতন নৃতন নয়ন-পথে বেড়ায়। খেলে শিশুগণ মনের হরষে সে বাপী-তীরেতে স্থা ; তরুণ তপন সুন্দর কিরণ ভাতিয়া পড়েছে মুখে; হাসিছে নয়ন হাসিছে অধর বদনে ফুটিছে আলো, না জানি তেমন অমরাবতীতে আছে কি কিরণ ভালো। হেরে সে আনন্দ রোমাঞ্চ শরীর কত চিন্তা করি মনে, ভাবি বুঝি হেন নিরমল সুখ নাহি ভুঞ্জে কোন জনে; ভাবি বুঝি ব্যাস, বাল্মীকি তাপস, করেছিলা দরশন, মর্ত্তে স্বর্গপুরী ভুবনে অতুল আশার স্নেহ-কানন ; তাই সে গোকুলে, তপস্বী-আশ্রমে, ছড়ায়ে আনন্দরস গায়িলা মধুর স্বললিত হেন

জননী-স্নেহের যশ!

ভাবি মর্ত্তধামে থাকিতে এ পুরী আবার কি হেতু লোক

যাইতে কামনা করে স্বর্গপুরী

ছাড়িয়া মরত-লোক ?

ভূলিয়া সে ভ্রমে ভাবিতে ভাবিতে মৃত্যুক্সপ পুনঃ স্মরি;

কাতর অন্তরে উৎস্কুক হইয়া আশারে জিজ্ঞাসা করি.

এই ভাবে নিতা এ শোভা প্রকাশ থাকে কি তোমার বনে ?

এ আনন্দ-ধারা নাহি কি শুকায়
মৃত্যুশিখা-পরশনে ?

ধরাতে সে জানি বিধির ছলনে বুথা সে শৈশব-নিধি!

কৈশোরে রাখিয়া মৃত্যু-ফণী শিরে মানবে বঞ্চিলা বিধি!

এ কাননে পুনঃ আছে কি সে কীট

দারুণ করাল কাল ?

আশারও কাননে এ স্বর্গ-পুতলি-পথে কি আছে জঞ্চাল !

শুনি কহে আশা "কখন এখানে পড়ে সে কালের ছায়া,

কিন্তু সে ক্ষণিক, নিবারি তাহাতে নিমেষে প্রকাশি মায়া।

অশেষ কৌশলে করেছি নির্মাণ দিব্য অট্টালিকা ফুলে ;

শোকতপ্ত প্রাণী প্রবেশে যে তায় তথনি সকল ভূলে।

প্রবৈশি ভাহাতে পায় নির্থিতে যে যাহা হয়েছে হারা— প্রণয়ী, প্রেমিকা, দারা, স্থত, ভ্রাতা, হেন সে প্রাসাদ-ধারা।

চল দেখাইব" বলি চলে আশা, যাই পাছে কুতৃহলে;

আসি কিছু পথ হেরি অট্টালিকা শোভিছে গগন-তলে।

কি দিব তুলনা ? তুলনা তাহার নাহি এ ধরার মাঝ!

ভূলোকে অতুল তাজ-অট্টালিকা সেহ হারি মানে লাজ!

পরীর আলয় স্বপনে দেখিয়া বুঝি কোন শিল্পকর

রচিলা সে তাজ করিয়া স্থন্দর মানবের মনোহর।

শুভ্র চম্দ্র-করে শিলা ধৌত করি রাখিয়াছে যেন গাঁথি;

চুনী পান্না মণি হীরক প্রবাল তাহাতে স্থন্দর পাঁতি ;

লভায় লভায় শোভে ভিত্তিকায় কভই হীরার ফুল ;

মণি পদ্মরাগ মণি মরকত সৌন্দর্য্য শোভা অতুল;

নীল কৃষ্ণ পীত লোহিত বরণ মাণিকের কিবা ছটা;

মাণিকের লভা মাণিকের পাতা মাণিকের তরুজ্ঞতা;

চামেলি, পঙ্কজ, কামিনী, বকুল, কভ যে কুস্থম তায়

রতনে খচিত রতনে জড়িত ভিত্তি-অঙ্গে শোভা পায়; কিবা মনোহর গোলাপের ঝাড় স্থুন্দর পদ্মের শ্রেণী

খুদিয়া পাষাণে করেছে কোমল যেন নবনীতে ফেণি;

দেখিলে আলয় পাষাণ বলিয়া নাহি হয় অনুমান;

ত্রমে ভূলে আঁখি উপজে প্রমাদ পুষ্পতন্ত হয় জ্ঞান!

ভিতরে প্রবৈশি শিলা-অঙ্গে আভা আহা কিবা মনোহর,

যেন সে পূর্ণিমা চাঁদের জ্যোৎস্না ঝরে তাহে নিরস্তর।

এ হেন স্থন্দর অট্টালিকা-তাজ, তুলনাতে সেহ ছার।

নির্থি আসিয়া অট্টালিকা সেথা, হেরে হই চমৎকার।

কত কাচখণ্ড স্থানে স্থানে মরি জ্বলিছে প্রাসাদ-গায়;

যেন মনোহর সহস্র মুকুর

প্রদীপ্ত আছে প্রভায়।

হেরি কত প্রাণী প্রবেশিছে তায় মান-মুখ মৃহগতি,

চিন্তা-সমাকুল বদন নয়ন শরীরে নাহি শকতি ;

কতই যতনে ধরেছে **ন্থা**দয়ে স্থান্ধি কাষ্ঠের পুট,

মুখে মৃত্ রব করিছে নিয়ত সুমধুর অর্জ স্ফুট;

খুলিয়া খুলিয়া পুট হৈতে তুলি দ্রব্য করি বিনির্গত।

রাখি কক্ষ'পরে ধীরে লয় ভ্রাণ আদরে যতনে কত, কখন বা ত্বংখে করিছে চুম্বন সে পুট হৃদয়ে রাখি, করিছে ধারণ কখন মস্তকে মনস্তাপে মুদি আঁখি। এরূপে আলয়ে করিয়া প্রবেশ ভ্ৰমে তাহে কত কণ; শেষে ধীরে ধীরে আসি ভিত্তি-পাশে ঈষং তুলে বদন, যেমনি নয়ন পড়ে কাচ-অঙ্গে অমনি মধুর হাস, অধর ওপ্তেতে বদন নয়ন ক্ষণে হয় পরকাশ। তখনি বিরূপ হয় পুর্বভাব ভুলে যত পূৰ্বকথা; হাসিতে হাসিতে প্রফুল্ল অন্তরে গৃহে ফিরে নব প্রথা। অট্টালিকা-দারে আশা-সহচরী ভ্রান্তি হাতে দেয় তুলে কৌটা নব নব হেরিতে হেরিতে পূর্বভাব সবে ভুলে। কত প্রাণী হেন হেরি কাচখণ্ড ফিরে সে আলয় ছাড়ি সহাস্ত বদনে কেশ, বেশ, অঙ্গ চলে নানারূপে ঝাড়ি। আশার কুহকে চমকিভ মন

বসি সে সোপান'পর; আদেশে তাহার উঠি পুনর্কার, ধীরে হই অগ্রসর।

## অফ্টম কল্পনা

# ব্রহ্মবন্দনা ও সরস্বতী-অর্চ্চনা।

ব্ৰহ্মাণ্ড ভূবন	স্জন যাহার,
প্রাণী বিরচিত যাঁর,	
যে জন হইতে	জগত পালন,
যিনি জীব-মূলাধার ;	
রবি, শশধর,	প্ৰন, আকাশ,
্জ্যাতিষ, নক্ষত্ৰদল,	
জীমূত, জলধি,	পর্বত, অরণ্য,
হুদিনী, ধরিত্রী, জল,	
নিনাদ, বিছাৎ,	অনল, উত্তাপ,
হিম, রৌজ, বাষ্প, বাস,	
পুষ্প, বিহঙ্গম,	ফল, বৃক্ষলতা,
লাবণ্য, আস্বাদ, শ্বাস,	
বাক্য, স্পৰ্শ, ভ্ৰাণ,	প্রবণ, দর্শন,
স্মৃতি, চিন্তা সুথকর,	
স্জন যাঁহার	প্রেম, ভক্তি, আশা,
পালন পৃথিবী'পর;	
জগত-ভূষণ	মান্ব-শ্রীর,
মানব-ভূষ	ণ মন,
স্জিলা যে জন	নমি আমি সেই
দেব নিত্য সনাতন।	
করেছি প্রবেশ	তুর্গম কান্তারে
ত্রাশা বামন হৈয়ে	
ধরিতে শশাস্ক	ধরাতে থাকিয়
শিশুর উৎসাহ লৈয়ে;	

ত্রস্ত বাসনা

ভ্ৰমিব পৃথিবীময়;

আশার কাননে

কর কৃপা দান কৃপানিধি প্রভু হর ভ্রান্তি, হর ভয়। পথের সম্বল নাহি কিছু মম অবলম্ব সুধু আশা, জ্ঞান চিন্তাহীন বোধ বিভাহীন অঙ্গহীন থৰ্ব্ব ভাষা; যশঃ তৃষাতুর, ক্লিপ্ত অভিলায পীড়িত করে হৃদয়, সর্ব্বশক্তিময়, তব শক্তি বিনা বাঞ্ছা পূৰ্ণ কভু নয়! কর দয়াময় দয়াবিন্দু দান, আমি ভ্রান্ত মূচুমতি, জ্ঞানী পরমেশ আদি মধ্য শেষ অচিন্ত্য চরণে নতি।— তুমিও গো দয়া কর মা ভারতী, দেও মনোমত ফুল, সাজাই কানন বাসনা যেরূপ তুষিতে বান্ধবকুল; খোল মা বারেক উন্থান ভোমার. প্রবেশ করিব তায়, তুলিয়া আনিব গুটিকত ফুল গাঁথিতে নব মালায়; নাহি সে স্থবর্ণ রজতের কুঁজি অদৃষ্টে আমার ঠাই, বিহনে সাহায্য জননি তোমার, কাননে কেমনে যাই। কত চিত্ৰ মাতঃ! দেখি চিত্ত-পটে, বাসনা অক্ষরে আঁকি,

বাণীর অভাবে না পারি আঁকিডে অন্তরে লুকায়ে রাখি! পূর্ণ কর মাতঃ, মৃঢ়ের বাসনা রসনাতে দিয়া বাণী,
বর্ণে যেন পাই শত অংশ তার যে চিত্র মানসে মানি;
মানবের হুদি আঁকি চিত্র-পটে রচিব আশার বন!
জননি, তোমার করুণা-বিহনে কোথা পাব কিবা ধন!
দেও গুটিকত মানস-রঞ্জন কুন্মুম তোমার তুলে,
পূরাই বাসনা, আশার কানন সাজাই তোমার ফুলে!

#### নবম কল্পনা

বিবেকের সহিত সাক্ষাৎ—আশার অন্তর্জান—বিবেকের অমুবর্তী হইরা কাননের প্রান্তভাগ দর্শন। শোকারণ্য—তাহাতে প্রবেশ ও এমণ—শোকের মূর্তি দর্শন ও তাহার পরিচয়।

আশার পশ্চাতে প্রাসাদ হইতে
আসিয়া কিঞ্চিং দ্ব,
জিজ্ঞাসি তাহারে কোন্ পথে এবে
অমিব তাহার পুর;
জিজ্ঞাসি কাননে সকলি কি হেন—
সকলি সৌন্দর্য্যময় ?
কোন স্থানে কিছু সে কানন-মাঝে
কলস্ক-অন্ধিত নয় ?
ভিনি হাসি আশা অতি স্কুমধুর
কহিলা আমার কাণে
প্রাইবে দেখিতে ভূলিবে যাহাতে
উতলা হৈও না প্রাণে;

চল এই পথে" হেন কালে হেরি জ্যোতির্দ্ময় ঋষি-বেশ,

তেজ্বঃপুঞ্জ ধীর, অমল-বদন শ্বেত-শাশ্রু, শ্বেত-কেশ

প্রাণী একজন আসি উপনীত শিরেতে কিরণ-ছটা,

ছায়াশৃষ্ম দেহ দেবের সদৃশ, অঙ্গেতে সৌরভঘটা:

কহিলা আমারে "কুহকে ভূলিয়া কোথা, বংস, কর গতি!

দেখিছ যে অই আশা মায়াবিনী, বড়ই কুটিলমতি।

করো না প্রত্যয় উহার বচনে ভূলো না উহার ছলে,

হেন প্রবঞ্চক দেখিতে পাবে না কদাপি অবনীতলে !

ছিল সত্য আগে অমর-আলয়ে, সদা সত্যপ্রিয় অতি,

মিখ্যা, প্রবঞ্চনা না জানিত কভু, সরল স্থন্দর গতি !

বলিত যাহারে যখন যেরূপ ফলিত বচন তথা;

ত্রিলোক ভূবনে আছিল সুখ্যাতি মিথ্যা না হইত কথা।

ছিল বহু দিন স্থথে স্বৰ্গধামে ক্ৰমে দৈববিভূম্বনা—

দানব ত্রস্ত স্বর্গ লৈল হরি অমরে করি ছলনা।

ইন্দ্রাদি দেবতা দম্জ-দৌরাজ্যে স্বর্গপুরী পরিহরি,

#### আশাকানন

ধরি ছল্পবেশ করিলা ভ্রমণ আসিয়া পৃথিবী'পরি;

স্বার্থ-পরবশ আশা না আইসে অমরাবতীতে থাকে;

দানব-রাজন্ব সময়ে স্বর্গেতে স্বর্গের হয়ার রাখে,

সেই পাপে ইন্দ্র দিলা অভিশাপ গতি হ'বে ধরাতলে,

মানব-নিবাসে হইবে থাকিতে । চির দিন ভূমগুলে।

তদবধি হৃ:বে ভ্রমে কুহকিনী
মুরিয়া পৃথিবীময়,

কহে যত বাণী সকলি নিম্ফল, সকলি অলীক হয়।

নিরখি তোমারে সুকুমার অতি সরল নির্মাল মন,

পড়িলা বিপাকে উহার সংহতি এখানে করি গমন ;

করিয়া গোপন রেখেছে ভোমারে এ কানন গৃঢ় স্থল।

আ(ই)স সঙ্গে মম আমি চেতাইব দেখাইব সে সকল।"

ঋষির বচন শ্রাবণে কৌতৃকী আশার উদ্দেশে চাই,

হেরি চারি দিক্ কোন দিকে তারে নির্মিতে নাহি পাই। ঋষি কহে "বৎস, পাবে না দেখিতে এখন তাহারে আর ;

আমার নিকটে থাকে না স্থস্থির এমনি প্রকৃতি তার।

দেখিয়া আমারে নিকটে ভোমার অদৃশ্য হইলা ছলে,

গেলা ভূলাইতে অহা কোন জনে, আনিতে কাননস্থলে।"

শুনিয়া সে কথা তখন যেমন ভাঙ্গিল নিজার ঘোর:

নিছলি ঘুচিলে উঠে যেন প্রাণী পলাইলে পরে চোর!

কথায় প্রত্যয় হইল তাঁহার, অগত্যা পশ্চাতে যাই,

আশাপুরী-প্রাস্তে গাঢ়তর এক অরণ্য দেখিতে পাই।

ঋষি কহে "বংস, ভ্রমে এইথানে আশাদগ্ধ প্রাণী যারা—

পতি, পুত্র, ভাতা, দারা, বন্ধু, পিতা, জননী, বান্ধব-হারা।"

বাড়িল কৌতুক, যাই দ্রুতগতি বন-দর্মন আমে;

অরণ্য-নিকটে আসিয়া অস্থির, স্তম্ভিত হইমু ত্রাসে।

যথা যবে ঝড় বহে ভয়ক্কর, বায়্মুখে মেঘ ছুটে,

অতি ঘোরতর দুর হ(ই)তে শুক্তে হুহু শব্দ বেগে উঠে;

কান্ন হইতে তেমতি উচ্ছাসে উঠিছে গভীর রব; শুনিয়া সে ধ্বনি কানন-বাহিরে পরাণী নিস্তব্ধ সব:

ঘন হাহা রব, প্রচণ্ড নিশ্বাস, উঠিছে ঝটিকা সম;

কভূ শাস্ত ভাব কভূ ভয়ানক এই সে তাহার ক্রম।

প্রবেশের মুখে সে অরণ্য-পাশে দেখি প্রাণী একজন,

অতি মান ভাব, হাতে ফুলমালা, হাখেতে করে ভ্রমণ;

পড়িয়াছে কালি বদন-মগুলে, গভীর চিস্তার রেখা,

ফেলি অশ্রুধারা চাহি ধরা-পানে সতত ভ্রমিছে একা।

দেখিয়া তাহার কাতর অস্তর উপনীত হই কাছে,

জিজ্ঞাসি কি হেতু ভ্রমে সেইখানে কত দিন সেথা আছে !

কহিল সে জন "আশার কাননে আছি আমি বহু দিন,

ভ্রমি এইরূপে দিবা বিভাবরী, শরীর করেছি ক্ষীণ;

পদ্ম ঋতু মাস, বংসর কতই, অতীত হইল, হায়,

তবু কা'র গলে নারিলাম দিতে এ ছার স্বেহ-মালায়!

কত যে পুরুষ, কত যে রমণী, সাধনা করিমু কত—

গ্রহণ করিতে এ কুস্থম-দাম কেহ সে নহে সম্মত! না জানি কি বুঝে পলায় অস্তরে নিকটে দাঁড়াই যার ;

ভূলে যদি কভুদেই কা'র হাতে ঠেলি ফেলে এই হার!

আহা কভ প্রাণী হেরি এ কাননে কভই আনন্দ পায়।

কি কব বিধিরে এ-হেন অমৃত নাহি সে দিলা আমায়!

ভাবি কত বার ছি'ড়িব এ দাম, ছি'ডিতে নাহিক পারি:

তাই হুংখে ত্যজি প্রণয়ের ভূমি এ বনে হয়েছি দ্বারী।"

এত কৈয়ে যায় ক্রভবেগে চলি, চক্ষে বিন্দু বিন্দু জল;

শুনিয়া কাতর অন্তরে যেমন জ্বলিল কৃট গরল।

ঋষির সংহতি প্রবেশি অরণ্যে হৈরি এবে চারি দিক্—

ন্ধর্জেরিত তরু, লতা, গুলা, পাতা আকীর্ণ রাশি বল্মীক।

ভাঙ্গিয়া পড়িছে এথা তরুশাখা, ওথা উন্মূলিত দারু;

হেলিয়া কোনটি রয়েছে শৃষ্ঠেতে হৃত পুষ্প ফল চারু;

কাহার পল্লব ভাঙ্গিয়া ত্লিছে, বিষ্ণুত কাহার চূড়া;

বিছ্যুং-আহত বিশীর্ণ কোনটি মাটিতে পড়িছে শুঁড়া;

যের বা হরন্ত অনল-দাহনে উচ্ছিন্ন করেছে তায়— সে শোক-কানন শোভা-বিরহিত দেখিতে তাহার(ই) প্রায় !

নিরখি আশ্চর্য্য প্রাণী সে কাননে গুই রূপ, গুই ভাগে,

ধায় পরস্পর কানন-ভিতরে, পাছে এক, অক্য আগে ;

জীবিত যাহারা তাহারা পশ্চাতে, অগ্রভাগে ছায়া যত ;

কানন-ভিতরে করে পরিক্রম অবিশ্রাম্ভ অবিরত।

হা হতোহস্মি রব, শিব শিব ধানি, সতত জীবিত মুখে;

ছায়াবৃন্দ পাছে ঘুরিয়া ঘুরিয়া ভ্রমিছে মনের হুখে।

কত যে প্রাচীন ভ্রমিছে সেখানে প্রসারিয়া ছই বাহু;

বিশীর্ণ শরীর, ব্যাকুল বদন, গ্রাসিয়াছে যেন রাহু।

কত শিশু-ছায়া ধার অগ্রভাগে, নিকটে আসিলে, হায়,

অমনি সরিয়া ফিরে ফিরে চাহি দূরেতে পলায়ে যায়।

কোন বা যুবক বুদ্ধের আকৃতি ছায়ার পশ্চাতে ধায়;

ছায়া স্থির রহে যুবা ছুটি আসি আলিঙ্গন করে তায়;

কোথা আলিঙ্গন, বুথা দে পরশ,

শৃত্য বাছ বক্ষঃস্থলে!

ষুবা দীর্ঘঝাদে ছায়া নিরখিয়া ভাসে তপ্ত অঞ্জ্ঞালে। কোন জন ধায় ছায়ার পশ্চাতে বাড়াইয়া হুই হাত ;

বহু দিন পরে

দেখা পায় অকন্মাৎ;

কহে অহনয় বিনয় করিয়া "আ(ই)স সখে এক বার,

বাহুতে জড়ায়ে তব কণ্ঠদেশ নিবারি চিত্তের ভার।

বহু দিন সখে ভাবি নিরস্তর অই সুপ্রসন্ন মুখ;

নামে জপমালা করি করতলে সম্বরি মনের তুথ।

বদন আকৃতি সকলি তেমতি সমভাব সেই সব,

তবে কেন সথে কাছে গেলে সর, কেন নাই মুখে রব।"

কেহ বা বলিছে ছুটিতে ছুটিতে কোন এক ছায়া-পাছে—

"আ(ই)স ফিরে ঘরে ভাই প্রাণাধিক, চল জননীর কাছে;

দিবা নিশি হায় করিছে ক্রন্দন জননী তোমার তরে ;

সাজায়ে রেখেছে · সকলি তেমতি সাজায়ে তোমার ঘরে ;

সেই ঘর আছে, আছে সেই জায়া, ভাই, বন্ধু সেই সব,

সেই দাস দাসী, সেই পরিজ্ঞন, গৃহে সেই কলরব;

কমলের দল সদৃশ তোমার শিশুরা ফুটেছে এবে ; আ(ই)স ফিরে ঘরে ক্রোড়ে করি তায় বদন আদ্রাণ নেবে ;"

বলিয়া হ:থেতে করিয়া ক্রন্দন পশ্চাতে ধাইছে তার,

ছায়ারূপী প্রাণী না শুনে সে কথা দূরে যায় পুনঃ আর।

আহা স্থ্যূপদী রামা কোন জন হুই বাহু উর্দ্ধে তুলি

ছুটে উদ্ধিশ্বাসে "নাথ নাথ" বলি কুন্তল পড়িছে খুলি,

"দাড়াও বারেক ক্ষণকাল, নাথ, জুড়াক তাপিত বুক,

বারেক তুলিয়া দেখাও আমারে অই শশিসম মুখ;

শুমি অনিবার এ আঁধার বনে বরষ বরষ হায়!

সাগর-সলিলে প্রতারা যেন নাবিক নির্থি যায়।

উঠিছে তরঙ্গ চারি পাশে তার তরণী ছুটিছে আগে,

অনিমেষ আঁথি দেখিছে চাহিয়া আকাশের সেই ভাগে!

সেইরূপে নাথ জাগি দিবা নিশি সেইরূপে হঃখে চাই;

তবু এ হরন্ত অকৃল সাগরে কৃল নাহি খুঁজে পাই ;

কবে পুনরায় আবার তেমতি পাইব **হুদয়ে স্থান।** 

শুনিব মধুর স্থা-সম স্বর জুড়াবে শরীর প্রাণ!" এইরূপে সেথা কত শত জন ছায়া অংহরণ করি,

শ্রমিছে আক্ষেপ- রোদন করিয়া আঁধার কানন ভরি ;

শ্রমে অবিচ্ছেদ, সদা খেদস্বর শিরে বক্ষে করাঘাত,

ঘন দীর্ঘধাস, অবিরল ধারা যুগল নয়নে পাত।

তাহাদের মুখ চাহি ক্ষণকাল হুংখেতে পূরে হৃদয়,

কহি, হায় বিধি নবীন প্রজ শুকালে এমন হয়!

স্ষ্টির গৌরব প্রকাশিত যায় এ-হেন তরুণী-মুখ

তাপদগ্ধ হৈয়ে মানবের মনে দেয় কি এতই ছখ!

হীরা, মুক্তা, চুনী, বিধু, পদ্মফুলে কলঙ্ক দেখিতে পারি;

তরুণীর মূখে দগ্ধ শোকছায়া কদাপি দেখিতে নারি!

এরপে আক্ষেপ করিয়া তখন ক্রমে হই অগ্রসর;

ক্রমশ: বাতাস বেগে অল্প অল্প আঘাতে বদন'পর।

ক্রমে অগ্রসর হই যত আরো বায়ু গুরুতর তত;

গাছের পল্লব লতা পাতা ক্রমে বায়ুভরে অবনত।

ক্রমে বৃদ্ধি ঝড় প্রবল পবন বৃকে মুখে বেগে পড়ে; অতি কণ্টে ধীরে হই অগ্রসর, স্থির হৈতে নারি ঝডে।

যথা অন্তরীকে বায়্ প্রতিমুখে
বিহক্ত যখন ধায়,

আগু হৈলে কিছু প্রবল বাতাদে দুরে ফেলে পুনরায়,

পক্ষ প্রসারিয়া স্থির ভাবে কভূ বহু ক্ষণ শৃষ্টে রয় ;

আগু হ(ই)তে নারে না পারে ফিরিতে অবিচল পক্ষম্বয়;

সেইরূপে যাই জিজ্ঞাসি ঋষিরে কহ এ কি তপোধন—

কোথা হ(ই)তে হেন এই স্থানে বেগে এক্সপে বহে পবন !

বহিছে এখানে প্রচণ্ড বাতাস এ কি অদভূত সৃষ্টি !

ঋষি কহে "বংস, চল কিছু আগে স্বচক্ষে দেখিবে সব:

কোণা হ(ই)তে ইহা কখন কি ভাব কিরুপে হয় উদ্ভব।"

যাইতে যাইতে দেখি এক স্থানে প্রচণ্ড ঝটিকা বহে ;

সম্মুখে তাহার পশু পক্ষী জীব তৃণ আদি স্থির নহে;

ধ্লিতে ধ্লিতে গগন আচ্ছন, ঘন বেগে:শিলাপাত ;

বৃষ্টিধারারূপে বরিষে কন্ধর বিনা মেঘে বঙ্গাঘাত। যথা সে তরঙ্গ সাগর হইতে প্রবেশি নদীর মুখে

মত্ত বেগে ধায় তুলারাশি হেন ফেনস্থপ লৈয়ে বুকে,

ছুটে তরী-কুল তীর সম তেজে, তীরেতে আছাড়ি পড়ে;

তরঙ্গ-তাড়িত বেগে পুনরায় নদীগর্ভে ধায় রড়ে;

সেইরূপ এথা কত শত প্রাণী ঝড়মুখে বেগে ধায়,

ঘন রুদ্ধান আকুল কুন্তল ধরা না পরশে পায়;

কত শত যুবা বৃদ্ধ নর নারী বিধাবিত বেগে ঝড়ে,

কভু এক স্থানে কভু অস্ত দিকে আছাড়ি আছাড়ি পড়ে।

নিরখি সেখানে কিরণ ঢাকিয়া আকাশে পড়েছে ছায়া,

বরষায় যথা তপন ঢাকিয়া প্রকাশে মেঘের কায়া।

অথবা যেমন শৃত্যে পঙ্গপাল উড়িলে আঁধার-জাল,

পড়ে ধরাতলে ছায়া বিছাইয়া ঢাকিয়া গগন-ভাল

তেমতি আকার ছায়া সে প্রদেশে আঁধারিয়া নভঃস্থল,

ছুটিয়া ছুটিয়া ঘুরিছে শৃত্যেতে ছন্ন করি সে অঞ্চল।

অস্থ্রির শরীর ছায়ার পরশে শুষ্ক কণ্ঠ, রুদ্ধ স্থর, চঞ্চল নয়ন তপোধন-পাশে নিরখি শৃক্তের 'পর;

যেন কালি-মাখা ঘোর গাঢ় মেঘ শৃক্তপথে উড়ি যায় ;

ঝড়বেগে গতি ছলিয়া ছলিয়া ধূম বিনির্গত ভায়।

শুমিছে সে মেঘ অন্ধকার করি প্রসারে আকাশ যুড়ে;

সে মেঘের ছায়া পড়ে যার গায়
উত্তাপে তখনি পুড়ে।

শুকায় রুধির শরীরে আমার তুণ্ডে নাহি সরে ভাষ,

অঞ্পূর্ণ আঁখি ঋষির বদন নির্থি পাইয়া ত্রাস।

ঋষি কহে "বংস, অই কাল মেঘ এ আশা-কাননে শিখা ;

বৃথা যে এ বন উহার(ই) শরীরে কালির অক্ষরে লিখা।

পক্ষী নহে উহা ও কালি মূরতি করাল কালের ছায়া,

বলিতে বলিতে ভুলিয়া আপনা তপোধন কয় শোকে—

"হায় রে বিধাতঃ, এ কালিম ছায়া ছড়ালি কেন ভূলোকে!

জগতে যা আছে মধুর **স্থন্দ**র গঠিয়া তাহার পর

গঠিলে বিধাতঃ সকলের শ্রেষ্ঠ প্রাণীরূপ মনোহর ? বিষমাখা তার কণ্টক আবার গঠিলে কেন এ কাল ? মর্ত্তে পাঠাইয়া স্বর্গের পুতলি পথে দিলে काँगेजान। স্থচিত্র পটেতে কালি মাখাইডে কেন এত ভাল বাস ? জগতের সুখ নিদারুণ বিধি এরপে কেন বিনাশ ?" এরূপে বিলাপ করেন সে ঋষি আতক্ষে সম্মুখে চাই, দূর প্রাস্ত দেশে গৈরিক-মিঞ্জিত স্থূপ নিরখিতে পাই। সেই স্থপ-অঙ্গে অন্ধ গুহা এক, উত্থিত হইয়া তায়. ঘন ঘন শ্বাস প্রচণ্ড বাডাস ঝড়ের আকারে ধায়। অতি কষ্টে দোঁহে সেই গুহা-পাশে আসি হই উপনীত; নিকটে আসিয়া দেখিয়া স্তম্ভিত. ভয়ে চিত্ত চমকিত। গহ্বর-ভিতরে বসি এক প্রাণী প্রচণ্ড নিশাস ছাড়ে: সেই দীর্ঘঝাসে জনমি বাতাস ঝড় সম বেগে বাড়ে। কালির বরণ পাষাণ-নিশ্মিত যেন সে কঠিন কায়া; শরীরে বিস্তৃত যেন অন্ধকার যোরতর গাঢ় ছায়া।

মাঝে মাঝে কাঁপে সর্ব্ব অঙ্গ হুঙ্কার-ধ্বনি নাসায়: ছিন্ন ভিন্ন বেশ, ক্লুক ধূম কেশ মস্তকে বিচ্ছিন্ন, হায় !

করে আচ্ছাদন করিয়া বদন বসি ভাবে হেঁট মাধা:

বসি হেন ভাব যেন সে মূরতি

সেই গুহা-অঙ্গে গাঁথা।

সম্ভাবি আমারে কহে তপোধন "শোকমূর্ত্তি এই হের,

আশার কাননে ইহা হ(ই)তে ঘটে বছ বিশ্ব বছ ফের।"

ঋষিরে জিজ্ঞাসি কেন তপোধন মূখে আচ্ছাদন-কর ?

না দেখিমু কভু বদন হইতে উহা ত হয় অস্তর।

সে কথা শুনিয়া ছাড়ি দীর্ঘধাস শোকমূর্ত্তি হৃ:থে বলে,

বলিতে বলিতে করের অঙ্গুলি
ভিত্তিল নয়নজলে;

"এ কথা জান না কে তুমি এখানে ভূমিছ আশাকানন;

শিশু নহ তাহা বুঝিয়াছি স্বরে, হবে কোন যুবাজন।

আমি হতভাগ্য আছি এই স্থানে চারি যুগ এই হাল ;

বিধাতা আমায় করিলা স্থজন করিয়া লোক-জঞ্চাল।

মৃত্যু নাই মম যে আসে নিকটে সেই পায় নানা ক্লেশ;

সেই হেতু এথা থাকি এ নির্জ্জনে ছঃখে ছাড়িয়াছি দেশ।

না দেখাই কারে এ ছার বদন তাহার কারণ বলি— দেখিৰ যাহারে, বিধাতার শাপে তখনি সে যাবে জলি। করিত্ব বিধির কত অমুনয় লইতে এ পাপ প্রাণ, এ কাল-কটাক্ষ হইতে আমার প্রাণীরে করিতে ত্রাণ: না শুনিলা বিধি শুধু এই বর দিলা সে করুণা করি— শিশুর বদন হেরিতে কেবল পাইব নয়ন ভরি: এ কটাক্ষ-দাহ শিশুরে কেবল দাহন করিতে নারে. নতুবা মুহূর্ত্তে দক্ষ করি তাপে অন্য প্রাণী সবাকারে; কোথা নাহি যাই থাকি একা এথা তবু সে বিধি আমায়; বিভ্স্বনা করে প্রেরিয়া পরাণী আমারে কত জালায়: বর্ষে যত বার খুলি দগ্ধ আঁখি তখন(ই) যে থাকে কাছে, তার সম বুঝি আশার কাননে অভাগা নাহিক আছে। আসিতে আসিতে দেখিয়াছ পথে সহস্র সহস্র প্রাণী ভ্রমিছে হুঃখেতে, এ কটাক্ষ-দোষে, শুনায়ে কাতর বাণী। না প্লাক এখানে যাও অন্ত স্থান

বাঁচিতে যগ্যপি চাও;

## আশাকানন

আমার নিকটে থাকিয়া এখানে কেন এ সন্তাপ পাও।"

যথা যবে কোন - গৃহীর আলয়ে
মৃত্যু উপস্থিত হয়,

রোদন-নিনাদ বিলাপ-শোচনা বিদীর্ণ করে আলয়;

তখন যেমন বন্ধু কোন জন বিমৰ্থ মলিন বেশ,

কালের ছায়াতে কালিম বদন বাহিরায় বহির্দেশ;

অন্ধকারময় হেরে চারি দিক্ ব্রহ্মাণ্ড মলিন-কায়;

শুষ্ক কণ্ঠ তালু ঘন উদ্ধিশাস সূদ্য জলে শিখায়;

ধরাতল যেন অধীর হইয়া সতত কাঁপিতে থাকে,

ভয়ে ভয়ে যেন কণ্টক-উপরে ধরাতে চরণ রাখে;

সেইরূপে এবে নির্থিয়া শোক করি স্থান পরিহার,

"নিরখিলা শোক নিরখিলা তার অরণ্যে কাল-প্রতিমা;

চল যাই এবে দেখিবে আশার কোথা সে কাননসীমা।"

## দশম কল্পনা

## নৈরাশক্ষেত্র—মধ্যভাগে মক্রপ্রদেশ—ভাহাতে চিরপ্রদীপ্ত অনলকুণ্ড—হভাশের মুর্ত্তিদর্শন ও নিক্রাভল।

धीरत धीरत श्रवि हत्न जारंग जारंग, পশ্চাতে করি গমন; শোকারণ্য ছাড়ি অক্স ধারে তার উপনীত ছই জন। কঠিন মৃত্তিকা, নিমু উচ্চ ভূমি, ধরা নহে সমতল; চলিতে চরণ স্থির নাহি রহে, সে পথ হেন পিচ্ছল। নাহি ডাকে পাথী, তরুর শাখায় নীরবে বসিয়া রয়; বিনা বায়ুবেগ নিত্য তরুতলে ঝরে লতা পত্রচয়। ক্রীড়ায় নিবৃত্ত ব্যাধগণ যবে উজাড় করিয়া বন, ফিরে গৃহমুখে, ত্যজিয়া কানন আনন্দে করে গমন ; ছাড়ি নানা দিক্ তখন যেমন পুনঃ ফিরে যত পাথী, ভ্রমে উড়ে উড়ে তরু চারি ধারে ভয়ে না প্রবেশে শাখী। নির্বি আসিয়া এথা সেই ভাবে আছে যত নিকেতন, চারি ধারে তার 💎 ভ্রমে নিরম্ভর হতাশ পরাণিগণ,

সাহস না করে পশিতে ভিতরে ক্ষুণ্ণমন, নতশির, শুক্ষ কণ্ঠদেশ, শুক্ষ রুক্ষ বেশ, নয়নে না ঝারে নীর।

হেরি কত প্রাণী চলে অতি ধীরে

দেহে যেন নাহি বল,

শুষ্ক নীলোৎপল মুখছবি যেন,

करत होर्प वकः ख्ल।

কত যুবা, আহা, নত পৃষ্ঠদশু চলে হেন ধীরে ধীরে,

প্রতি পাদক্ষেপে যেন রেণু গুণি নিরখে মহী-শরীরে।

হেন ধীর গতি তবু কত জন পড়ে নিত্য ভূমিতলে,

শ্বলিত চরণ ধৃলিতে লুটায় পিচ্ছল সেহ অঞ্চলে।

পড়ে ক্ষিতিপৃষ্ঠে চলিতে চলিতে

বৃদ্ধ প্রাণী কত জন ; উঠিতে শকতি নাহিক আশ্রয়,

আশ্রয়ে ধরে পবন ৷

কোথাও পরাণী হেরি শত শত বসিয়া হর্সম স্থানে,

অনিমেষ আঁখি নীরস বদন নিত্য হেরে শৃষ্য পানে ;

চলে দিনমণি ভাসিয়া গগনে চাহিয়া তাহার পথ

ছাড়ে দীর্ষশ্বাস, বলে "হা বিধাতঃ, ভাল দিলে মনোরথ;

করি বড় সাধ ধরিলাম হাদে কুপণের যেন মণি,

এখন সে আশা হয়েছে গরল দংশিছে যেমন ফণী। কেন বিধি হেন আশ্বাসে ভূলায়ে জালিলে হৃদয়ে শিশা ?

জানিতে যগ্যপি অগ্রে এ ললাটে এ হেন অভাগ্য লিখা!"

এরূপে বিলাপ করিছে অনেকে, কেহ বা উঠিয়া ধায়,

ভাবে যেন শৃক্তে কোন সে আকৃতি সহসা দেখিতে পায়!

গিয়া ক্রতপদে করতল যুড়ে বাহু প্রসারণ করি;

ফিরে অধোমুখ বসিয়া আবার দিনমণি-পানে চায়,

দেখে শৃক্তমার্কে ধীরে ধীরে সূর্য্য গগনে ভাসিয়া যায়।

নিরখি সেখানে প্রাণী অস্ত কত মনস্তাপে ধীরে ধীরে

কণ্ঠ হ(ই)তে খুলি কুস্থমের হার নিরখিছে ফিরে ফিরে;

করি ছিন্ন ছিন্ন ফেলিছে ভূতলে পদতলে দৃঢ় চাপি;

নেত্রে অঞ্চবিন্দু ফেলি মৃহ্মু ছ উঠিছে সঘনে কাঁপি:

পদাঘাতে চূর্ণ খণ্ড খণ্ড হয়ে সে মালা পড়ে যখন;

"উদ্যাপন" বলি ছাড়িয়া নিশাস সে প্রাণী করে গমন।

দেখি কত জন বসিয়া নির্জ্জনে খীরে চিত্রপট খুলে, নয়নের নীরে অন্ধিত চিত্রের একে একে রেখা তুলে;

করিয়া মার্চ্ছিত সর্ব্ব অবয়ব নিরঙ্ক করিয়া পরে,

নিরঙ্ক কারয়া পরে,

বিছায়ে বিছায়ে সেই চিত্রপট ছই করতলে ধরে;

পরশে হাদয়ে পরশে মস্তকে যতনে করে চুম্বন;

পরে ছিন্ন করি ফেলি ধরাতলে

সন্তাপে করে গমন।

বলে "রে এখন(ও) বিদীর্ণ হলি নে হায় রে কঠিন হিয়া!

কি ফল বাঁচিয়া এ হেন মধুর আশা বিসৰ্জন দিয়া ?

ভাবিতাম আগে না জানি কডই কোমল মানব-মন;

ছিল যত দিন আশার হিল্লোল করিত **হা**দে ভ্রমণ।

বুঝেছি এখন লোহ-ধাতৃময়

কঠোর নরের হাদি;

অনস্ত হুঃখের কারণ করিয়া গঠিলা আমায় বিধি!"

কোনখানে দেখি প্রাণী শত শত

শয়ন করি ভূতলে, পাষাণের ভার তুলিয়া বিষম

রাখিছে হাদয়তলে;

কাঞ্চন মুকুট, মণিময় দণ্ড,

হেম-বিমণ্ডিত অসি,

ধূলি-সমাচ্ছন্ন, প্রতি জন পাশে পড়েছে কতই খদি; বলিছে "এখন বাঁচিয়া কি ফল পাইয়া এ হেন ক্লেশ,

এ ছার সংসারে বুথায় ভ্রমণ ধরিয়া ভিক্ষুক-বেশ!

কত যে উৎসাহ কতই বাসনা ধরিত আগে এ মন !

ভূধর-শরীর ভাবিতাম তুচ্ছ, সামাশ্য তুচ্ছ গগন!

ভাবিতাম আগে জলধি গোষ্পদ, ইন্দ্রপুরী কুত্র অতি;

পরিণামে হায় হইল এ দশা, এখন কোথায় গতি।"

বলিয়া এতেক ভগ্ন অসি লৈয়ে স্থানয়ে করে প্রহার ;

আবার ভূতলে পড়িয়া, বক্ষেতে চাপায় পাষাণ-ভার ;

উপরে উপরে শিলাখণ্ড তুলে কতই চাপিছে বুকে;

করিছে আক্ষেপ কডই কাঁদিয়া দারুণ মনের ছুখে।

"কি কঠিন হিয়া" কহিছে কাঁদিয়া "শিলা হেন হয় ছার,

না ভাঙ্গে সে বুক পরেছি যেখানে বাসনা-ফণীর হার।"

বলিতে বলিতে উঠিয়া আবার ক্রমে অগ্রভাগে যায়,

বৃক্ষ-অস্তরালে গিয়া কিছু দ্রে অরণ্য-মাঝে লুকায়।

বাড়িল কৌতুক কোথা প্রাণিগণ এক্নপে করে গমন জানিতে বাসনা, ঋষির পশ্চাতে চলিমু আকুলমন।

পশ্চাতে তাদের চলি কত দূর ক্রমে আসি উপনীত;

অনস্থ বিস্তার ঘোর মরুভূমি হেরি হ'য়ে চমকিত:

হেরি চারি দিক্ যেন নিরস্তর ধ্মেতে আচ্ছন্ন রয়;

নাহি বৃক্ষ লতা! পশু-পক্ষী-রব। বিকলাক সমুদয়।

বারিশৃত্য মরু ধৃ ধৃ করে সদা, চলিতে নাহিক পথ,

কঠিন কর্কশ লবণ-মৃত্তিকা উত্তপ্ত অনলবং ;

পদ তালু জ্বলে হেন তপ্ত বালু, সে তাপ নাহিক জ্ঞান,

দিক্-হারা হৈয়ে ভ্রমে সেইখানে পরাণী আকুল প্রাণ ;

বাণীশৃত্য মুখ, ধ্লিপূর্ণ কেশ, শরীরে কালিম মলা,

সে মরু-প্রদেশে ভ্রমে প্রাণিগণ অন্তরে হ'য়ে উতলা;

বিশীর্ণ বদন, বরণ পাঞ্র, নীরবে করে ভ্রমণ;

নিশীথ সময়ে প্রেত্যোনি যথা দক্ষ চিত্ত, দক্ষ মন।

হেরে মরু-দেশ তৃষিত অন্তরে চায় সে ধুমল শৃত্যে ;

নিরখি সে ভাব শরীরে কণ্টক স্থানয় পুরে কারুণ্যে। আশাভগ্ন, হায়, কত নারী নর, কত যুবা বৃদ্ধ প্রাণী

ভ্রমে এই ভাবে সে মরু-প্রদেশে বদনে মলিন গ্লানি!

যাই যত দ্র ক্রমশ: ততই নেহারি ধূম প্রগাঢ়!

ঘনঘটা যেন বিছায়ে আকাশে তিমিরে ঢাকে আষাঢ়।

ক্রমে অন্ধকার ছেরে দশ দিশ, প্রবেশি যেন পাতাল:

উঠে নিত্য ধুম ফুটে ক্ষিতিতল কজ্জল বৰ্ণ করাল।

মাঝে মাঝে বিকট কিরণ চমকি চমকি ছুটে;

কাল-কাদম্বিনী- কোলেতে যেমন বিহ্যাৎ গগনে লুটে;

ভাতে তীব্ৰ ছটা ধাঁধিয়া নয়ন মৃহুর্ত্তে পুন: লুকায়;

গাঢ়তর যেন অন্ধকারজাল সে মরু'পরে ছড়ায়।

সে বিকট জালে আকুল তরাসে
শিহরি চাহি তখন,

রোমাঞ্চিত দেহ কম্পিত জ্বদয় নিস্পান্দ হুহ নয়ন;

দেখি স্থানে স্থানে কত শব-দেহ সেই বারিশৃত্য স্থলে,

বিকৃত বদন বিবর্ণ শরীর লতারজ্জু বান্ধা গলে।

পীড়িত হাদয় কাঁপিতে কাঁপিতে ক্রতবেগে করি গতি, হেরি এইরূপ যাই যত দূর বাহিয়া উত্তপ্ত পথি,

ক্রমে যত যাই তত উষ্ণ বায়ু,

উষণতর শুক্ষ মহী,

উঠে ঘোর তাপ ঘেরি চারি দিক্

শরীর চরণ দহি।

ক্রমে উপনীত বিশাল বিস্তৃত ভয়ন্কব মকভূমে,

শৃয়া গুলা লত। হু হু কাবে দিক্ আছেল নিবিড়ধ্যে:

হু হু জ্বলে বালি অনস্ক বিস্তার দশ দিকে পরকাশ।

ধৃ ধৃ করে শৃ্হা অনন্ত শরীর দেখিতে প্রাণে তা্স :

লবণ-বালুকা- বিকীর্ণ প্রদেশ দারুণ উত্তাপ অঙ্গে:

খেলে যেন তাহে অনলেব চেউ উত্তপ্ত বালুর সঙ্গে।

মরু মধ্যভাগে একমাত্র তরু তাপে জীর্ণ কলেবর,

প্রাণী একজন তলদেশে তাব দাড়াইয়া স্থিবতর:

হাতে রজ্জু ধরি দৃঢ় কবি তায় বান্ধিছে কঠিন ফাঁস,

আরোপি শাখাতে পরিছে গলায় ছাডিয়া বিকট শ্বাস;

ঝুলে তরুডালে শবদেহ যেন, ঝুলি হেন কত ক্ষণ,

কণ্ঠ হইতে পুন: থুলিয়া আবার রজ্জু করে উম্মোচন। কখন অস্থির বেগে **তরুত্র** ভাজিয়া উন্মাদ-প্রায়,

ছুটে মন্ত ভাবে সে মরু-প্রদেশে প্রাণী সে কঞ্চালকায়;

চলে দিক্ শৃত্য করি **হুছন্কা**র ফেনপুঞ্জ মুখে উঠে,

ন্দ্রলম্ভ বালুকা- তাপে দগ্ধীভূত অস্থির চরণে ছুটে

ছিন্ন করে দেহ নথে বিদারিয়া দক্তে ছিন্ন করে ছচ্:

বান্ধিয়া অস্থলে ছি"ড়ে কেশজ্ঞা। মস্তক করে বিকচ;

ক্লধিরাক্ত তন্ত্র ধায় দশ দিকে প্রাণিগণে খেদাইয়া—

আশাভগ্ন প্রাণী যত সে প্রদেশে সম্মুখে ভ্রমে ছুটিয়া।

জ্বলে মরুমাঝে অনলের কুণ্ড বিপুল মুখবাাদান

ধুমল কালিম বজু ধাতৃ সম শিলাখণ্ডে নিরমাণ ;

উঠে ৰহ্নি-শিখা ভীম কুগু-মুখে জিহ্বা প্ৰসাৱণ করি;

ছুটে ছুটে উঠে দূর শৃত্যপথে ভীষণ গৰ্জন ধরি:

লিহি লিহি করি উঠে বহিজ্জালা কুপ হইতে ভীম রঙ্গে;

জিহি লক্ লক্ ছুটিতে ছুটিতে প্রসারে যেন ভূজকে;

আনি প্রাণিগণে ধার একে একে সেই মৃত্তি ভয়ন্কর সে অনল-কুণ্ডে মুহূর্ণ্ডে মুহূর্ণ্ডে নিক্ষেপে বহ্নির 'পর। ঋষি কহে "বংস, হের রে হতাশ

হতাশ-কৃপ নেহার ;

আশার কাননে পরিণাম এই নিরূপিত বিধাতার !"

নেহারি আতঙ্কে কম্পিত শরীর, ভয়ে শিরে কাঁপে কেশ—

ধৃ ধৃ করে দিক্ অনস্থ বাাদান বালুময় মরুদেশ;

জ্জিছে অনল সে বিষম কুণ্ডে আশাভগ্ন নারী নর

দশ দিক্ হৈতে হতাশ-তাড়িত পড়ে তাহে নিরস্কর।

হেরি ক্ষণ কাল সে অনল-কুণ্ড ব্যাকুলিত হয় প্রাণ;

বলি, "শীত্র ঋষি পরিহরি ইহা চল কোন অহা স্থান।

যেন সে কোন ব। অর্থবৈর কুলে বসি নির্থিলে একা,

অকুল সাগরে নিত্য উদ্মিকুল নেত্রপথে যায় দেখা;

হু হু চলে জল, অনস্ত জলধি, অনস্ত ঘন উচ্ছাস;

শৃত্য অন্তরীক্ষে অগাধ অনন্ত ব্যোমকায় পরকাশ ;

পক্ষি-প্রাণি-শৃত্য নিখিল গগন, পক্ষি-প্রাণি-শৃত্য সিম্নু;

জলধি-গর্জন কেবলি নিয়ত, নাহি অস্য স্বর্হননু। যথা সে অকূল জলধির তীরে পরাণ আকুল হয়;

বসিলে একাকী শরীর জীবন বোধ হয় শৃহ্যময়;

সেইরূপ এথা এ মরু-প্রদেশে প্রবেশি আকুল দেহ

হতেছে আমার, শুন তপোধন, ইথে পরিত্রাণ দেহ।"

বলিয়া নির্ধি হেরি চারি দিক্— ঋষি নাহি দেখি আর !

নিজাভকে পুন: সেই তরুতল হেরি দামোদরধার !

তেমতি কিরণ পড়ি দামোদরে আলো করে ছই কৃল;

তেমতি কিরণ তরুর শবীরে রঞ্জিত করিছে ফুল !

দেখিতে দেখিতে ফিরিমু আবার, প্রবেশি আপন গেহে:

পুন: সে ধরার আবর্ত্তে পড়িয়া মজিক জটিল স্নেতে।

সমাপ্ত